আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু
আল্লাহর নামে আরম্ভ করছি
••••••••••••••••••••
তারপর যদি তারা গ্রহণ না করে,
তাহলে প্রমাদ সৃষ্টিকারীদেরকে
আল্লাহ জানেন।

সূরা আল ইমরান ৬৩

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ১০ আগস্ট ২০২৬ ॥ ২৬ সফর ১৪৪৮ ॥ ২৬ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৬৭ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট
এ্যাংকর সিমেন্ট
স্থায়ীত্বের মজবুত নোঙ্গর

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

ফ্যাসিবাদের মাথা পালিয়ে গেলেও এর অনেক কিছু এখনও রয়ে গেছে
কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, ফ্যাসিবাদের মাথা পালিয়ে গেলেও এর অনেক কিছু এখনও রয়ে গেছে, এখনও আছে। ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতির শপথ গ্রহণ অনুষ্ঠান পরিচালনায় ৬ কমিটি গঠন
কীর্তনখোলা ডেস্ক
নতুন রাষ্ট্রপতির শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠান সুচারু ও সফলভাবে পরিচালনার লক্ষ্যে উপলক্ষ্যে ছয়টি কমিটি গঠন করেছে ২ এর পাতায় দেখুন

শাপলা চত্বর হত্যাকাণ্ডের বিচার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী
কীর্তনখোলা ডেস্ক
শাপলা চত্বর হত্যাকাণ্ডের বিচার হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, এ ঘটনায় তদন্ত ও চার্জশিটের ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি নির্বাচনে ১১ দলের প্রার্থী অলি আহমদ
কীর্তনখোলা ডেস্ক
রাষ্ট্রপতি নির্বাচনে ১১ দলীয় ঐক্যের প্রার্থী হচ্ছেন লিবারেল ডেমোক্র্যাটিক পার্টির (এলডিপি) চেয়ারম্যান কর্নেল (অব.) ২ এর পাতায় দেখুন

তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দিন স্বপন
প্রতিনিয়ত জলবায়ু পরিবর্তন হচ্ছে বেশি ঝুঁকিতে উপকূলীয় এলাকা
কীর্তনখোলা রিপোর্ট
তথ্য ও সম্প্রচার মন্ত্রী এম জহির উদ্দিন স্বপন বলেন, প্রতিনিয়ত জলবায়ু পরিবর্তন হচ্ছে, ফলে বাংলাদেশ ঝুঁকিতে রয়েছে। বাংলাদেশের অন্যতম ঝুঁকির কারণ জলবায়ু পরিবর্তন। তার মধ্যে বেশি ঝুঁকিতে উপকূলীয় এলাকাগুলো। এ সমাস্যার একটি বৈশ্বিক সমাধান করতে হবে। রোববার (৯ আগস্ট) বরিশাল নগরীর বেলস পার্ক মাঠে বৃক্ষরোপণ অভিযান ও মেলার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। এর আগে মন্ত্রী বেলুন, ফেস্টুন উড়িয়ে বৃক্ষরোপণ অভিযান ও মেলার উদ্বোধন করেন। শেষে আলোচনা সভায় তথ্যমন্ত্রী বনবিভাগের যে কোনো উদ্যোগকে সহায়তা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছেন এবং সবাইকে সবুজায়নের গুরুত্ব বোঝার আহ্বান করেছেন। এম জহির উদ্দিন স্বপন বলেন, দক্ষিণাঞ্চলের মানুষ হওয়ায় আমরা জানি, জলবায়ু পরিবর্তনটা কেমন করে হচ্ছে। বৃষ্টির পরিমাণ, রোদের পরিমাণ, তাপের পরিমাণ এবং পানির উচ্চতা দিনকে দিন কিন্তু পরিবর্তিত হচ্ছে। বাংলাদেশে যেসব স্থান ঝুঁকির মধ্যে থাকবে, তার মধ্যে আমাদের মতো উপকূলীয় অঞ্চল, সাগরপাড়গুলো ঝুঁকির মধ্যে থাকবে। ফলে এসব এলাকার মানুষও ঝুঁকিতে থাকবে। তিনি বলেন, জ্বালানি ব্যবহারের ক্ষেত্রে আমরা যদি সচেতন না হই, আমাদের তাপমাত্রা বসবাসযোগ্যের বাইরে চলে যাবে। তাই এ গ্রহকে মানুষের বাসযোগ্য ২ এর পাতায় দেখুন

রাষ্ট্রপতি মনোনয়ন কেউ বলছেন ফখরুল কেউ মোশাররফ, বিএনপি বলছে চূড়ান্ত হয়নি
কীর্তনখোলা ডেস্ক
বাংলাদেশের ২৩তম রাষ্ট্রপতি নির্বাচনকে সামনে রেখে বিএনপির পক্ষ থেকে দুটি মনোনয়ন ফরম সংগ্রহ করা হয়েছে। তবে রাষ্ট্রপতি পদে দলের চূড়ান্ত প্রার্থী কে হচ্ছেন, তা নিয়ে এখনো আনুষ্ঠানিক কোনো সিদ্ধান্ত জানায়নি বিএনপি। রোববার (৯ আগস্ট) সকালে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য নির্বাচন কমিশন থেকে বিএনপির পক্ষ থেকে দুটি মনোনয়ন ফরম সংগ্রহ করা হয়। এর কয়েক ঘণ্টা পর বিকেলের দিকে কয়েকটি গণমাধ্যমে দলীয় সূত্রের বরাতে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে রাষ্ট্রপতি পদে মনোনয়ন দেওয়ার খবর প্রকাশ হয়। এর মধ্যে একটি গণমাধ্যমে দলীয় সূত্রের বরাতে বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. খন্দকার মোশাররফ হোসেনকে রাষ্ট্রপতি পদে দলের মনোনয়ন দেওয়ার কথা বলা হয়। ফলে রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী কে হচ্ছেন, তা নিয়ে রাজনৈতিক অঙ্গনে নতুন করে ২ এর পাতায় দেখুন

বরিশাল দপদপিয়া সেতুতে
বিআরটিসি বাস ও মাহিন্দ্রার সংঘর্ষ: নিহত ১, আহত ৫
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল-কুয়াকাটা মহাসড়কে ঝরে গেল আরও একটি জীবন। নগরীর রূপাতলী-দপদপিয়া সেতুর ঢালে দূরপাল্লার বিআরটিসি বাসের সঙ্গে যাত্রীবাহী থ্রি-হুইলার মাহিন্দ্রার ভয়াবহ মুখোমুখি সংঘর্ষে এক যাত্রী নিহত হয়েছেন। দুর্ঘটনায় মাহিন্দ্রার চালক ও বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) এক শিক্ষার্থীসহ আরও পাঁচজন গুরুতর আহত হয়েছেন। রোববার (৯ আগস্ট) বিকেল চারটার দিকে এই মর্মান্তিক দুর্ঘটনাটি ঘটে। ঘটনার বিবরণ দিয়ে পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, পটুয়াখালী থেকে পাঁচজন যাত্রী নিয়ে বরিশাল নগরীর দিকে ছুটছিল মাহিন্দ্রাটি। রূপাতলী দপদপিয়া সেতুর টোলঘর সংলগ্ন ঢাল অতিক্রম করার মুহূর্তেই রূপাতলী থেকে ২ এর পাতায় দেখুন

বিনামূল্যে স্কুল ড্রেস বিতরণ শুরু ১৬ আগস্ট
কীর্তনখোলা ডেস্ক
দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের বিনামূল্যে স্কুল ড্রেস দেবে সরকার। আগামী ১৬ আগস্ট স্কুল ড্রেস বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হবে। রোববার (৯ আগস্ট) প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ এ তথ্য জানিয়েছেন। ববি হাজ্জাজ বলেন, বিদ্যালয়ের বাইরে থাকা শিশুদের শিক্ষার আওতায় আনতে সরকার বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। শিশুদের বিদ্যালয়ে ধরে রাখতে বিনামূল্যে স্কুল ইউনিফর্মসহ বিভিন্ন সহায়তা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। আগামী ১৬ আগস্ট প্রথমবারের মতো বিনামূল্যে স্কুল ইউনিফর্ম বিতরণ কর্মসূচির উদ্বোধন করা হবে। এদিকে, এদিন সচিবালয়ে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সভাপক্ষে স্কুল ড্রেস বিতরণ নিয়ে সভা হয়। ২ এর পাতায় দেখুন

সাবেক ছাত্রলীগ সভাপতি রেজভী ভাণ্ডারিয়ায় গ্রেফতার
ভাণ্ডারিয়া প্রতিনিধি
ঝালকাঠির রাজাপুর উপজেলা যুবলীগ নেতা খান রেজবি সাব্বিরকে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (৮ আগস্ট) সন্ধ্যায় ভান্ডারিয়া উপজেলার চরখালি ফেরিঘাট এলাকা থেকে তাকে গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃত খান রেজবি সাব্বির পিরোজপুরের ভান্ডারিয়া উপজেলার পশারীবুনিয়া গ্রামের আব্দুল খালেকের ছেলে। তিনি রাজাপুর উপজেলা যুবলীগের রাজনীতির ২ এর পাতায় দেখুন

শেরে বাংলা বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের বৃক্ষরোপণ ও চারা বিতরণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিটি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

ভীমরুলীর ভাসমান পেয়ারা হাটে মুগ্ধ মার্কিন রাষ্ট্রদূত, দেখলেন রপ্তানির সম্ভাবনা
ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠির ঐতিহ্যবাহী ভীমরুলীর ভাসমান পেয়ারা হাট ও বিস্তীর্ণ পেয়ারা বাগান পরিদর্শন করেছেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন। প্রাকৃতিক সৌন্দর্য, কৃষকদের কর্মচাঞ্চল্য এবং ভাসমান বাজারের ব্যতিক্রমী আয়োজন দেখে তিনি মুগ্ধতা প্রকাশ করেন। একই সঙ্গে বাংলাদেশ থেকে যুক্তরাষ্ট্রসহ আন্তর্জাতিক বাজারে পেয়ারা রপ্তানির সম্ভাবনার কথাও তুলে ধরেন। রোববার (৯ আগস্ট) সকালে স্ত্রী ডিয়ান ডাওকে সঙ্গে নিয়ে রাষ্ট্রদূত ভীমরুলী ২ এর পাতায় দেখুন

বরগুনায় ইয়াবাসহ গেজেটভুক্ত 'জুলাই যোদ্ধা' গ্রেফতার
বরগুনা প্রতিনিধি
বরগুনায় ২০ পিস ইয়াবাসহ গেজেটভুক্ত এক 'জুলাই যোদ্ধা'কে গ্রেফতার করেছে জেলা গোয়েন্দা শাখা (ডিবি) পুলিশ। শনিবার (৮ আগস্ট) রাতে সদর উপজেলার হেউলিবুনিয়া এলাকা থেকে তাকে আটক করা হয়। গ্রেফতার ব্যক্তির নাম সুমন মৃধা (৩৫)। তিনি বরগুনা সদর উপজেলার বালিয়াতলী ইউনিয়নের চালিতাতলী গ্রামের বাসিন্দা। সুমন জুলাই আন্দোলনের একজন গেজেটভুক্ত ব্যক্তি। ডিবি পুলিশ জানায়, নিয়মিত ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিএম কলেজের পরিবেশ স্থিতিশীল
কীর্তনখোলা রিপোর্ট
বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিএম কলেজে সহিংসতার পর এখন পরিস্থিতি স্থিতিশীল রয়েছে। ববি ছাত্রদল বহিরাগতমুক্ত বিশ্ববিদ্যালয় চেয়েছে। অপরদিকে বিএম কলেজে ছাত্রদল-ছাত্রশিবির সমঝোতা হয়েছে। জানা গেছে, ৫ আগস্ট ববি ২ এর পাতায় দেখুন

সমুদ্রে মাছ ধরতেও চাঁদা চান বিএনপি নেতা
রাঙ্গাবালি প্রতিনিধি
পটুয়াখালীর রাঙ্গাবালীতে চর হেয়ার ও চর আগারা এলাকায় জেলেদের সামুদ্রিক মাছ ধরতে হলে দিতে হবে লাখ টাকা চাঁদা। এমন অভিযোগ উঠেছে রাঙ্গাবালী দক্ষিণ ইউনিয়নের ২নং ওয়ার্ড বিএনপির সাধারণ সম্পাদক মো. শাহজালাল মীরের বিরুদ্ধে। অভিযোগ উঠেছে, বৈধভাবে ইজারা নেওয়া চরে ইলিশ মাছ ধরতে যাওয়া জেলেদের কাছে ছয় লাখ টাকা চাঁদা দাবি করেন ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক
অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির
বাংলা ব্যাকরণ ও নির্মিতি
বইটি অনন্য
বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক
সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা
পথিক মোস্তফা (এমফিল, ইবি)
বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:
01718246162, 01712189338, 01712926836
গদ্য প্রকাশন, বরিশাল
বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল
পাঁচ অ্যাম্বুলেন্সের তিনটি বিকল
পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের জন্য বরাদ্দ পাঁচটি সরকারি অ্যাম্বুলেন্সের মধ্যে তিনটি প্রায় তিন বছর ধরে বিকল অবস্থায় পড়ে আছে। বাকি দুটি সচল থাকলেও চালক না থাকায় সেগুলোও দীর্ঘদিন ধরে গ্যারেজেই দাঁড়িয়ে। ফলে জেলার সবচেয়ে বড় সরকারি হাসপাতালটি এখন কার্যত সরকারি অ্যাম্বুলেন্স সেবাশূন্য। হাসপাতাল কর্তৃপক্ষের দাবি অচল অ্যাম্বুলেন্স সচল করা ও চালক না থাকার বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। স্থানীয়রা জানান, এর সরাসরি প্রভাব পড়েছে রোগী ও তাদের স্বজনদের ওপর। সরকারি সেবা বন্ধ থাকায় রোগী পরিবহনের পুরো দায়িত্ব চলে গেছে বেসরকারি অ্যাম্বুলেন্সের হাতে। অভিযোগ উঠেছে, এই সুযোগে ভাড়াও বেড়েছে উল্লেখযোগ্য হারে। রোগীর স্বজন ও হাসপাতাল সূত্র জানায়, পটুয়াখালী থেকে বরিশালের শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে যেতে এখন বেসরকারি অ্যাম্বুলেন্সে তিন হাজার থেকে সাড়ে তিন হাজার টাকা পর্যন্ত ভাড়া নেওয়া হচ্ছে। অথচ সরকারি অ্যাম্বুলেন্সে একই পথে খরচ ছিল প্রায় ২ এর পাতায় দেখুন

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।
–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

কৃষকবান্ধব পদক্ষেপ নিন

কৃষিনির্ভর বাংলাদেশে কৃষকের সমস্যা-সংকটের যেন অন্ত নেই। দিনে দিনে কৃষি খাতে নানা সুফল এলেও কৃষকের ভাগ্যের তেমন পরিবর্তন হয়নি। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর (বিবিএস) সর্বশেষ জরিপেও এমন হতাশাজনক চিত্র উঠে এসেছে। দেখা গেছে, উৎপাদন যে হারে বেড়েছে, সেই অনুযায়ী কৃষকের আয় বাড়েনি। এতে কৃষকসমাজ যে দুর্বিপাকে ছিল, সেখানেই রয়ে গেছে। জরিপের বরাত দিয়ে জানিয়েছে, দেশের খাদ্য নিরাপত্তার দিক থেকে সবচেয়ে ভরসার জায়গা হলেন ক্ষুদ্র কৃষক। দেশের মোট খাদ্য উৎপাদনের অর্ধেকের বেশি তাঁদের হাতে, অথচ আয়, জমির মালিকানা, জীবনমানসহ প্রায় সব সূচকেই তাঁরা বড় কৃষকদের তুলনায় অনেক পিছিয়ে। বিশেষজ্ঞরা বলছেন, এই ব্যবধান ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনের পথে বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে। গত মঙ্গলবার প্রকাশিত বিবিএসের 'সার্ভে অন ইনকাম অ্যান্ড প্রোডাক্টিভিটি অব স্মল-স্কেল ফুড প্রডিউসার্স ২০২৫' জরিপের উদ্দেশ্য ছিল 'ক্ষুদ্র খাদ্য উৎপাদকদের শ্রম উৎপাদনশীলতা' এবং 'ক্ষুদ্র খাদ্য উৎপাদকদের গড় আয়ের' পরিমাপ যাচাই করা। এই জরিপে দেশের আট বিভাগের ফসল, বনায়ন, প্রাণিসম্পদ, মৎস্যসহ পাঁচটি কৃষি খাতের ১২ হাজার ৮৭৯টি খামার পরিবারের তথ্য বিশ্লেষণ করা হয়েছে। জরিপের ফল বলছে, দেশের মোট খাদ্য উৎপাদকদের ৫৩.৬৫ শতাংশই ক্ষুদ্র কৃষক। জাতীয় পর্যায়ে শ্রম দিবসপ্রতি গড় উৎপাদনশীলতা এক হাজার ৮৬৮ টাকা। কিন্তু ক্ষুদ্র কৃষকদের ক্ষেত্রে এই অঙ্ক মাত্র এক হাজার ৪৯৪ টাকা, অন্যদিকে বড় কৃষকদের ক্ষেত্রে সেটি দুই হাজার ৩০১ টাকা। জমির মালিকানার ক্ষেত্রেও একই বৈষম্য বিদ্যমান। তবে বহুবর্ষজীবী ফসল, বনায়নের মতো কিছু ক্ষেত্রে ক্ষুদ্র কৃষকরা বড় কৃষকদের থেকে এগিয়ে রয়েছেন। জীবনমানের দিকে লক্ষ করলেও দেখা যায়, প্রায় ৫০ শতাংশ কৃষক পরিবারের ঘরের মেঝে এখনো মাটির। এলপিজি ব্যবহারকারী পরিবারের হার মাত্র ৫.৭ শতাংশ। এ ছাড়া কৃষক পরিবারের সদস্যদের মধ্যে ১৭ শতাংশের কোনো প্রাতিষ্ঠানিক শিক্ষা নেই। আমাদের কৃষি খাতে নির্মম বাস্তবতা হলো, দেশের কৃষক মাথার ঘাম পায়ে ফেলে উৎপাদন করেন ঠিকই, কিন্তু নিজের উৎপাদিত পণ্যের মূল্য নির্ধারণের ক্ষমতা তাঁর হাতে থাকে না। বিশেষ করে ক্ষুদ্র কৃষকরা ঋণ করে অন্যের জমিতে চাষ করে ফসল ফলান, শেষ পর্যন্ত বাজারে গিয়ে দেখেনড় উৎপাদন খরচও উঠছে না। কম দামে ফসল বেচতে বাধ্য হন। তাই ভাগ্যের চাকাও আর ঘোরে না। আমরা মনে করি, দেশের খাদ্য উৎপাদনের মূল চালিকাশক্তি ক্ষুদ্র কৃষকের আয় বাড়াতে সরকারকে সমন্বিত পদক্ষেপ নিতে হবে। দেশের প্রচলিত বাজারকাঠামোর আমূল সংস্কার করতে হবে। সর্বোপরি ২০৩০ সালের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে কার্যকর ও লক্ষ্যভিত্তিক নীতি সহায়তার প্রয়োজন।

পাঁচ অ্যাম্বুলেন্সের তিনটি বিকল

দুই হাজার টাকা। শুধু বরিশাল নয়, ঢাকাগামী রোগীদের ক্ষেত্রেও একই চিত্র। আগে সরকারি অ্যাম্বুলেন্সে ঢাকায় রোগী নিতে প্রায় ১০ হাজার টাকা লাগলেও এখন বেসরকারি অ্যাম্বুলেন্সে গুনতে হচ্ছে ১৪ থেকে ১৫ হাজার টাকা। জব্বারের এই অভিজ্ঞতা এখন ব্যতিক্রম নয়; বরং পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের প্রতিদিনের বাস্তবতা। সদ্য অবসরপ্রাপ্ত সরকারি অ্যাম্বুলেন্স চালক আব্দুস সালাম বলেন, সরকারি ব্যবস্থায় নির্ধারিত ভাড়ায় রোগী পরিবহন করা হতো। এখন সেই সুযোগ না থাকায় রোগীর পরিবারকে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হচ্ছে। অন্যদিকে বেসরকারি অ্যাম্বুলেন্স চালক সজল কুমার বলেন, সরকারি চালকরা নিয়মিত বেতন-ভাতা পান। আমাদের গাড়ির জ্বালানি, রক্ষণাবেক্ষণ ও অন্যান্য সব খরচ নিজেরাই বহন করি। তাই ভাড়া কিছুটা বেশি হয়। তবে স্থানীয়দের অভিযোগ সরকারি অ্যাম্বুলেন্স সেবা বন্ধ হওয়ার সুযোগে বেসরকারি অ্যাম্বুলেন্স চালকদের একটি সিন্ডিকেট গড়ে উঠেছে। ফলে কোনো চালক চাইলেও কম ভাড়ায় রোগী পরিবহন করতে পারেন না। স্বাস্থ্যসেবা বিশ্লেষকদের মতে, সরকারি হাসপাতালের অ্যাম্বুলেন্স কেবল একটি যানবাহন নয়; এটি জরুরি চিকিৎসাসেবার অবিচ্ছেদ্য অংশ। এই সেবা দীর্ঘদিন অচল থাকলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হন দরিদ্র ও মধ্যবিত্ত রোগীরা, যাদের জন্য প্রতিটি অতিরিক্ত টাকাই বড় চাপ। হাসপাতাল সূত্র জানায়, অ্যাম্বুলেন্স চালক আ. রাজ্জাক ২০২১ সালের জানুয়ারিতে অবসরে যাওয়ার পর অপর চালক আব্দুস ছালাম অ্যাম্বুলেন্স সেবা দিয়ে আসছিল। তিনিও চলতি বছর ৩০ জুন অবসরে যাওয়ার পর থেকেই সেবাটি বন্ধ রয়েছে। পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতালের তত্ত্বাবধায়ক (সুপার) ডা. দিলরুবা ইয়াসমিন লিজা বলেন, আব্দুস ছালাম নামে একজন চালকই সচল দুটি অ্যাম্বুলেন্সের দায়িত্ব পালন করছিলেন। গত ৩০ জুন আব্দুস ছালাম অবসরে যাওয়ার পর থেকেই সরকারি এ সেবাটি পুরোপুরি বন্ধ হয়ে যায়। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানিয়ে দ্রুত চালক নিয়োগ এবং বিকল অ্যাম্বুলেন্সগুলো মেরামতে অনুরোধ করা হয়েছে।

সমুদ্রে মাছ ধরতেও চাঁদা

তিন। মারধর ও প্রাণনাশের হুমকি দেওয়ার অভিযোগও উঠেছে তার বিরুদ্ধে। গত ২২ জুলাই জেলেদের পক্ষে রাঙ্গাবালী থানায় লিখিত অভিযোগ করেছেন আ. আজিজ মাহমুদ। জানা যায়, শাহজালাল মীর উপজেলা বিএনপির সভাপতি আ. রহমান ফরাজীর অনুসারী। বন বিভাগের সূত্র মতে, চলতি বছরের জুলাই মাসে বন বিভাগের চরমোন্তাজ রেঞ্জ থেকে সরকারি রাজস্ব পরিশোধ করে চর হেয়ার ও চর আগারা এলাকাটি এক বছরের জন্য মাছ ধরার উদ্দেশ্যে ইজারা নেন আ. আজিজ মাহমুদ ও আ. মান্নান ঢালী। ইজারার মেয়াদ ১ জুলাই থেকে ২০২৭ সালের ৩০ জুন পর্যন্ত। জেলে হাসান গাজী নামে একজন বলেন, কাগজপত্রে দেখা গেছে আ. আজিজ মাহমুদ ও আ. মান্নান ঢালী চর কলাগাছিয়ায় মাছ ধরার অনুমতি পেয়েছেন। আমরা তাদের অধীনে কর্মরত জেলে। মাছ ধরতে গেলে শাহজালাল মীর বাধা দিয়ে ছয় লাখ টাকা দাবি করেন এবং অস্বীকৃতি জানালে প্রাণনাশের হুমকি দেন। তার দাবি, ওই চরে শাহজালাল মীরের একটি 'গুপ্ত বাহিনী' সক্রিয় রয়েছে। একই অভিযোগ করেন আরেক জেলে রাজীব খান। তিনি বলেন, আওয়ামী লীগ সরকারের আমলেও শাহজালাল মীর একইভাবে চর দখলে রাখতেন, এখনো অবৈধভাবে সেই দখলিস্বত্ব বজায় রাখতে চাইছেন। তার নির্যাতনে জেলেরা অতিষ্ঠ। মৎস্য ব্যবসায়ী আ. মান্নান ঢালী সংবাদ সম্মেলন করে বলেন, সরকারি রাজস্ব পরিশোধ করে বৈধভাবে চর হেয়ার ও চর আগারা ইজারা নেওয়ার পরও শাহজালাল মীর ও তার লোকজন জেলেদের মাছ ধরতে বাধা দিচ্ছেন এবং ছয় লাখ টাকা চাঁদা দাবি করছেন। টাকা না দেওয়ায় জেলেদের মারধর করে চর থেকে তুলে দেওয়া হয়েছে। আ. মান্নান ঢালী আরও বলেন, এর আগে ২০২৫ সালের জুলাই মাসে একই চর তিনি ইজারা নিয়েছিলেন। তখনো ক্ষমতার অপব্যবহার করে জেলেদের মারধর করে চর দখলে নেন শাহজালাল মীর। বিগত আওয়ামী লীগ সরকারের আমলেও 'সাগর ইজারা দিয়েছেন এমপি' শিরোনামে গণমাধ্যমে সংবাদ প্রচারিত হয়েছিল, যার নেপথ্যেও শাহজালাল মীর ছিলেন বলে দাবি করেন তিনি। এলাকায় 'সাগরের সন্ত্রাস' নামে পরিচিত এই ব্যক্তিকে টাকা না দিয়ে সাগর বা নদীতে জাল ফেলতে পারেন না জেলেরা বলেও অভিযোগ তার। থানায় লিখিত অভিযোগকারী ব্যবসায়ী আ. আজিজ মাহমুদ বলেন, আমাদের জেলেরা ইজারা নেওয়া চরে মাছ ধরতে গেলে তাদেরকে মারধর করে চর থেকে তুলে দেওয়া হয়। এ ঘটনায় গত ২২ জুলাই রাঙ্গাবালী থানায় লিখিত অভিযোগ দায়ের করেছি। অভিযোগকারীর দাবি, পুলিশ একাধিকবার ডেকে পাঠালেও অভিযুক্তদের থানায় হাজির করাতে ব্যর্থ হয়েছে। চাঁদামুক্ত, মারধর ও দখল-বাণিজ্যমুক্ত পরিবেশে মাছ আহরণের সুযোগ নিশ্চিত করতে আইনশৃঙ্খলা বাহিনী ও প্রশাসনের হস্তক্ষেপ কামনা করছি। অভিযোগের বিষয়ে শাহজুল মীর বলেন, আওয়ামী লীগ সরকারের সময়েও তিনি টাকা দিয়ে ওই চরে মাছ ধরতেন, এখনো একইভাবে মাছ ধরছেন। তিনি স্বীকার করেন, এ বছর আ. আজিজ মাহমুদ ও আ. মান্নান ঢালী চরে মাছ ধরার অনুমতিপত্র পেয়েছেন। তার দাবি, উপজেলা বিএনপির সভাপতি তাকে চরে মাছ ধরতে বলেছেন এবং তাকে 'অনুমতিপত্র' করে দেওয়ার আশ্বাস দিয়েছেন। তবে তিনি মারধর কিংবা চাঁদা চেয়েছেন এমনটি সত্য নয়। বিএনপি নেতা ও তার অনুসারী চর দখলের বিষয়ে উপজেলা বিএনপির সভাপতি আ. রহমান ফরাজীকে প্রশ্ন করলে তিনি এড়িয়ে যান। তিনি বলেন, চর নিয়ে কোনো মন্তব্য করলে সমালোচনার মুখে পড়তে হবে। রাঙ্গাবালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জসিম উদ্দীন বলেন, লিখিত অভিযোগ পাওয়া গেছে এবং বিবাদীকে একাধিকবার থানায় ডাকা হলেও তিনি হাজির হননি। চরমোন্তাজ রেঞ্জের রেঞ্জ কর্মকর্তা আবুল কালাম বলেন, সরকারি রাজস্ব পরিশোধ করে যারা চরে মাছ ধরার অনুমতি পেয়েছেন, কেবল তারাই সেখানে মাছ ধরার অধিকারী।

বরগুনায় ইয়াবাসহ গেজেটভুক্ত

মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে গোপন সংবাদের ভিত্তিতে শনিবার রাতে সদর উপজেলার হেউলিবুনিয়া এলাকার দফাদার বাড়ির সামনে অভিযান চালানো হয়। এ সময় সুমন মৃধাকে আটক করা হয় এবং তার দেহ তল্লাশি করে ২০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। বরগুনা জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ইনচার্জ মো. সাজ্জাত হোসেন জানান, ইয়াবাসহ আটকের পর সুমন মৃধাকে প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে বরগুনা সদর থানায় সোপর্দ করা হয়েছে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে এবং সেই মামলায় তাকে গ্রেফতার দেখানো হয়েছে।

বরিশাল বিশ্ববিদ্যালয় ও বিএম

ক্যাম্পাসে ছাত্রশিবির মিছিল করতে গেলে বহিরাগত ইস্যুতে বাধা দেয় ছাত্রদল। এ নিয়ে দুই পক্ষে সংঘর্ষ হয়। ববি ছাত্রদলের সভাপতি মোশাররফ হোসেন বলেন, ক্যাম্পাস বর্তমানে শান্ত আছে। তবে শিবির যাতে বহিরাগত প্রবেশ না করাতে পারে, তা ঠেকাতে স্মারকলিপি দিয়েছেন তাঁরা। ছাত্রশিবির ববি শাখার সভাপতি মনিরুল ইসলাম অবশ্য এ বিষয়ে কোনো মন্তব্য করতে চাননি। অপরদিকে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে ৪ আগস্ট ছাত্রশিবির ও ছাত্রদলের মধ্যে উত্তেজনা দেখা দেয়। পরে ছাত্রদল বিভিন্ন হোস্টেল থেকে ছাত্রশিবিরকে বের করে দেয়। উদ্ভূত পরিস্থিতিতে ৬ আগস্ট কলেজ অধ্যক্ষ শেখ মো. তাজুল ইসলামের আহ্বানে ক্যাম্পাসে সৃষ্ট সাম্প্রতিক উত্তেজনা নিরসনে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সমঝোতা বৈঠক হয়। অধ্যক্ষের কার্যালয়ে কলেজের শিক্ষকদের নিয়ে গঠিত শৃঙ্খলা কমিটির সদস্য, বরিশাল মহানগর ও বিএম কলেজ ছাত্রদল এবং ছাত্রশিবিরের শীর্ষ নেতাদের উপস্থিতিতে অধ্যক্ষের মধ্যস্থতায় এ সমঝোতা হয়।

ভীমরুলীর ভাসমান পেয়ারা হাটে মুগ্ধ

এলাকায় ভাসমান পেয়ারা হাট ও বিভিন্ন বাগান ঘুরে দেখেন। এ সময় তিনি স্থানীয় পেয়ারা চাষি ও বাগান মালিকদের সঙ্গে কথা বলেন এবং পেয়ারা চাষ, উৎপাদন, সংরক্ষণ ও বাজারজাতকরণ সম্পর্কে খোঁজখবর নেন। পরিদর্শন শেষে ব্রেন্ট টি. ক্রিস্টেনসেন বলেন, 'ভীমরুলীর প্রাকৃতিক সৌন্দর্য এবং ঐতিহ্যবাহী ভাসমান পেয়ারা হাট সত্যিই অনন্য। এখানকার কৃষকদের কঠোর পরিশ্রম, বাজারের প্রাণচাঞ্চল্য এবং উৎপাদিত পেয়ারার গুণগত মান তাকে মুগ্ধ করেছে।' তিনি আরও বলেন, 'যুক্তরাষ্ট্রের ফ্লোরিডা, হাওয়াই ও ক্যালিফোর্নিয়ার কিছু এলাকায় সীমিত পরিসরে পেয়ারা উৎপাদন হয়। বাংলাদেশের মানসম্মত পেয়ারা আন্তর্জাতিক বাজারে, বিশেষ করে যুক্তরাষ্ট্রে রপ্তানির সম্ভাবনা রয়েছে।' বিষয়টি তিনি তার দেশের সরকার ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করবেন বলেও জানান। ভীমরুলীর ভাসমান পেয়ারা হাট দেশের দক্ষিণাঞ্চলের অন্যতম ঐতিহ্যবাহী কৃষিভিত্তিক পর্যটনকেন্দ্র। বর্ষা মৌসুমে খাল-নদীতে শত শত নৌকায় পেয়ারা কেনাবেচার মনোমুগ্ধকর দৃশ্য দেখতে দেশ-বিদেশের পর্যটকরা এখানে ভিড় করেন। রাষ্ট্রদূতের এই সফর ও রপ্তানি সম্ভাবনা নিয়ে দেওয়া ইতিবাচক বক্তব্যে স্থানীয় পেয়ারা চাষি, ব্যবসায়ী ও বাগান মালিকদের মধ্যে নতুন আশার সঞ্চার হয়েছে। তাদের প্রত্যাশা, প্রয়োজনীয় সহায়তা ও আন্তর্জাতিক মান নিশ্চিত করা গেলে ভীমরুলীর পেয়ারা বিশ্ববাজারে আরও বড় পরিসরে পরিচিতি পাবে।

সাবেক ছাত্রলীগ সভাপতি

সঙ্গে সম্পৃক্ত ছিলেন। পুলিশ জানায়, ওই দিন তার অবস্থানের তথ্য পেয়ে চরখালি ফেরিঘাট এলাকায় অভিযান চালান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়। তিনটি মামলায় গ্রেপ্তারি পরোয়ানা জারির পর দীর্ঘদিন ধরে আত্মগোপনে ছিলেন সাব্বির। এছাড়া বিভিন্ন থানায় তার বিরুদ্ধে আরও নয়টি মামলা রয়েছে। ভান্ডারিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) দেওয়ান জগলুল হাসান গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে বলেন, খান রেজবি সাব্বিরকে পরোয়ানার ভিত্তিতে গ্রেফতার করা হয়েছে। আইনগত প্রক্রিয়া শেষে তাকে আদালতে সোপর্দ করা হবে।

বিনামূল্যে স্কুল ড্রেস

সভায় উপস্থিত ছিলেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন, প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী ববি হাজ্জাজ ও প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়বিষয়ক উপদেষ্টা ড. মাহদী আমিন। এর আগে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য নতুন ইউনিফর্মের মডেল উপস্থাপন করেছিল সরকার। মেয়েদের জন্য ফ্রক এবং ছেলেদের জন্য হাফশার্ট ও শর্টসের নকশা নির্ধারণ করা হয়েছে। ইউনিফর্ম তৈরিতে আরাম, ব্যবহারিক সুবিধা ও একরূপতাকে গুরুত্ব দেওয়া হয়েছে। গত ২৯ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এক আন্তঃমন্ত্রণালয় সভায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের নতুন ইউনিফর্মের মডেল উপস্থাপন করা হয়। সভায় শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন জানিয়েছিলেন, আগামী জুলাই থেকে প্রতিটি উপজেলায় দুটি করে বিদ্যালয়ে পাইলট প্রকল্প হিসেবে এসব ইউনিফর্ম বিনামূল্যে বিতরণ শুরু হবে। সে সময় মন্ত্রী বলেছিলেন, শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় সামগ্রী সরবরাহে বিভিন্ন ব্যবসায়ী প্রতিষ্ঠানের সঙ্গে আলোচনা করা হয়েছে। তারা নিজেদের সক্ষমতা অনুযায়ী অনুদান দেবে। এরই মধ্যে বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) এক লাখ শিক্ষার্থীর জন্য স্কুলব্যাগ, ড্রেস ও জুতা দেওয়ার প্রতিশ্রুতি দিয়েছে। সভায় আরও জানানো হয়েছিল, শিক্ষার্থীদের জন্য সমন্বিত সহায়তা নিশ্চিত করতে শিক্ষা মন্ত্রণালয়ে ইউনিফর্ম, ব্যাগ ও জুতা প্রদান বিষয়ে গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের নিয়ে আলোচনা হয়েছে। এই উদ্যোগের মাধ্যমে একটি নিরাপদ, সুশৃঙ্খল ও সমান সুযোগভিত্তিক শিক্ষা পরিবেশ গড়ে তোলার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে।

প্রতিনিয়ত জলবায়ু পরিবর্তন হচ্ছে

করতে হবে। মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমান সস্তা উন্নয়ন নিয়ে ব্যস্ত নন। তার একটা বড় প্রমাণ পাঁচ বছরে ২৫ কোটি গাছ রোপণের উদ্যোগ নেওয়া। প্রতিবছর পাঁচ কোটি করে বৃক্ষরোপণ করা হবে। সে লক্ষ্যেই সারাদেশে বৃক্ষমেলা হচ্ছে। পরে মন্ত্রী বৃক্ষ মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন নার্সারি ঘুরে দেখেন। বরিশাল বিভাগীয় বৃক্ষ মেলায় বিভিন্ন জেলা থেকে আগত ৫০টি নার্সারি অংশ নিয়েছে। প্রতিদিন সকাল ৯টা থেকে রাত ১০টা পর্যন্ত চলবে এ বৃক্ষমেলা। মেলার উদ্বোধনী অনুষ্ঠানে বিভাগীয় প্রশাসন, পুলিশ প্রশাসনের কর্মকর্তারা এবং বিভিন্ন স্কুল-কলেজের শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

বিআরটিসি বাস ও মাহিন্দ্রার

কুয়াকাটাগামী দ্রুতগতির একটি বিআরটিসি বাস মাহিন্দ্রাটিকে সামনে থেকে জোর ধাক্কা দেয়। মুহূর্তের মধ্যে মাহিন্দ্রাটি দুমড়ে-মুচড়ে রাস্তার ওপর ছিটকে পড়ে। দুর্ঘটনার পর স্থানীয় বাসিন্দা ও টহল পুলিশ দ্রুত এগিয়ে এসে রক্তাত অবস্থায় আহত ছয়জনকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ভর্তি করে। শেবাচিম হাসপাতালের সার্জারি বিভাগে চিকিৎসাধীন অবস্থায় মাহিন্দ্রার এক পুরুষ যাত্রী প্রাণ হারান। নিহত ব্যক্তির নাম ও পরিচয় তাৎক্ষণিকভাবে শনাক্ত করতে পারেনি পুলিশ। আহতদের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০২৩-২৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ইয়াসির আরাফাতের অবস্থা অত্যন্ত সংকটাপন্ন। শেবাচিম হাসপাতালের চিকিৎসকদের পরামর্শে তাঁকে আশঙ্কাজনক অবস্থায় উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানোর তোড়জোর চলছে। শেবাচিম হাসপাতালের ওয়ার্ড মাস্টার জুয়েল চন্দ্র শীল জানান, বাকিদের সার্জারি বিভাগে প্রয়োজনীয় সব চিকিৎসা দেয়া হচ্ছে। দুর্ঘটনার পরপরই গুরুত্বপূর্ণ এই মহাসড়কের দুই পাশে দীর্ঘ যানজট লেগে যায় এবং যানবাহন চলাচল থমকে দাঁড়ায়। খবর পেয়ে কোতোয়ালি মডেল থানা পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে দুর্ঘটনাকবলিত গাড়িটি সরিয়ে যান চলাচল স্বাভাবিক করে। কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, নিহত ব্যক্তির পরিচয় বের করার চেষ্টা চলছে। দুর্ঘটনাকবলিত যানবাহন দুটি জব্দ করা হয়েছে এবং এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া চলছে।

কেউ বলছেন ফখরুল কেউ মোশাররফ

আলোচনা শুরু হয়েছে। এ বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য বেগম সেলিমা রহমান বলেন, রাষ্ট্রপতি পদে মনোনয়নের বিষয়ে দলীয়ভাবে এখনো আনুষ্ঠানিকভাবে কিছু জানানো হয়নি। রাষ্ট্রপতি পদে বিএনপির প্রার্থী হিসেবে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম নিয়ে প্রকাশিত খবরের বিষয়ে জানতে চাইলে সন্ধ্যায় সেলিমা রহমান বলেন, 'রাষ্ট্রপতি পদে মনোনয়নের বিষয়ে আনুষ্ঠানিকভাবে এখনো কিছু আমরা জানি না। তবে মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের নাম যে আলোচনা হচ্ছে, উনার নাম আসতেই পারে।' বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান জানান, মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে এ বিষয়ে অবহিত করা হলে তিনি বলেছেন- রাষ্ট্রপতি হওয়ার বিষয়ে তিনি কিছু জানেন না। দলের পক্ষ থেকেও এ বিষয়ে তাকে কিছু জানানো হয়নি। বিএনপির স্থায়ী কমিটির আরেক সদস্য নাম প্রকাশ না করার শর্তে বলেন, সিদ্ধান্ত আমাদেফ দলীয় প্রধান নেবেন। এমন কোনো সিদ্ধান্ত এখনো আমাদের জানানো হয়নি। এখন সম্ভাব্য ক্যান্ডিডেট হিসেবে আলোচনায় অনেকজনই আছেন। সেখান থেকে কে কার নামকে হাইলাইট করবে নাকি করবে না সেটা তাদের নিজস্ব বিষয়। এর আগে সকালে নির্বাচন কমিশন থেকে বিএনপির পক্ষ থেকে রাষ্ট্রপতি নির্বাচনের জন্য দুটি মনোনয়ন ফরম সংগ্রহের তথ্য পাওয়া যায়। দুটি ফরম সংগ্রহের পর থেকেই বিএনপির সম্ভাব্য রাষ্ট্রপতি প্রার্থী নিয়ে আলোচনা শুরু হয়।

রাষ্ট্রপতি নির্বাচনে ১১ দলের

অলি আহমদ বীর বিক্রম। রোববার (৯ আগস্ট) বিরোধীদলীয় নেতার সরকারি বাসভবনে এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানান জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক সংসদ সদস্য নাহিদ ইসলাম। তিনি বলেন, 'রাষ্ট্রপতি নির্বাচন নিয়ে এর আগে আলোচনা হয়েছিল, যাতে সবার কাছে গ্রহণযোগ্য একজন রাষ্ট্রপতি নির্বাচিত করা যায়। রাষ্ট্রপতি নির্বাচনের প্রক্রিয়া এবং ক্ষমতার ভারসাম্য তৈরিতে রাষ্ট্রপতির ক্ষমতা কীভাবে বাড়ানো যায়, এসব বিষয় নিয়েও সংসদে প্রস্তাব এসেছিল।' 'আমাদের প্রত্যাশা ছিল নির্বাচন শেষে নতুনভাবে রাষ্ট্রপতি নির্বাচিত হবেন। জুলাই সনদ বাস্তবায়নের মধ্য দিয়ে জনগণের প্রত্যাশা অনুযায়ী সংবিধান অনুসারে নতুন রাষ্ট্রপতি নির্বাচনের সুযোগ তৈরি হবে, এমনটাই আমরা আশা করেছিলাম,' যোগ করেন তিনি। নাহিদ ইসলাম অভিযোগ করেন, সরকার সংস্কার প্রক্রিয়া যথাযথভাবে বাস্তবায়ন করেনি। যারা জুলাই-পরবর্তী সংস্কার পরিষদের শপথ নিয়েছেন তাদের নিয়ে কার্যকরভাবে অধিবেশনও ডাকেনি সরকার। একই সঙ্গে বিভিন্ন প্রতিষ্ঠানকে দলীয়করণ করা হচ্ছে। নির্বাচন কমিশনকেও দলীয়করণ করা হচ্ছে। অথচ গত ১৬ বছর বিএনপির যে আন্দোলন ছিল তার অন্যতম দাবি ছিল, শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের জন্য একটি নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ও স্বাধীন নির্বাচন কমিশন নিশ্চিত করা। বিরোধীদলীয় চিফ হুইপ বলেন, 'আমরা প্রথম অধিবেশনের প্রথম দিনেই বলেছিলাম, ফ্যাসিবাদের দোসর হিসেবে পরিচিত রাষ্ট্রপতিকে অপসারণ করে জুলাই সনদ অনুযায়ী নতুন রাষ্ট্রপতি দিতে হবে। কিন্তু সেই রাষ্ট্রপতিকে আরও ছয় মাস রেখে দেওয়া হয়েছে।' রাষ্ট্রপতির মেয়াদ বাড়ানোর সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলে তিনি বলেন, 'তাকে এখন কোনো ধরনের প্রি-এক্সিট (আগাম অব্যাহতি) দেওয়া হয়েছে কি না, বিচার বা জবাবদিহির আওতায় আনা হবে কি না, এ নিয়েও আমাদের সন্দেহ রয়েছে। এ ছয় মাস সময় বাড়ানোর পেছনে কী ধরনের পরিকল্পনা বা পাঁয়তারা রয়েছে, সেটিও প্রশ্নের বিষয়।'

শাপলা চত্বর হত্যাকাণ্ডের

পর এবার বিচারিক প্রক্রিয়া এগিয়ে নেওয়া হবে। রোববার (৯ আগস্ট) বিকেলে চট্টগ্রামের ফটিকছড়ির আল জমিয়াতুল ইসলামিয়া আজিজুল উলুম বাবুনগর মাদ্রাসায় আয়োজিত মতবিনিময় সভায় হেফাজতে ইসলামের পক্ষ থেকে শাপলা চত্বর হত্যাকাণ্ডের বিচারের দাবি প্রসঙ্গে তিনি এসব কথা বলেন। সালাহউদ্দিন আহমদ বলেন, 'ইন্টেরিমের আমলে আমি বলেছি, আপনারা শুধু মামলাটা করেন। বাকিটা আমি দেখব। এরপর আপনারা তথ্য দিয়েছেন, তদন্ত হয়েছে, চার্জশিট দেওয়া হয়েছে, বিচারও হবে।' তিনি বলেন, দেশে ইসলামবিরোধী কোনো আইন হবে না। ধর্মপ্রাণ মুসলমান ও অন্যান্য সম্প্রদায়ের মানুষ যাতে নিজেদের অধিকার পায়, সে লক্ষ্যে সরকার কাজ করে যাবে। মতবিনিময় সভায় প্রধানমন্ত্রী তারেক রহমান, হেফাজতে ইসলামের আমির মুহিবুল্লাহ বাবুনগরী, অর্থমন্ত্রী আমীর খসরু মাহমুদ চৌধুরী উপস্থিত ছিলেন।

রাষ্ট্রপতির শপথ গ্রহণ

মন্ত্রিপরিষদ বিভাগ। কমিটিগুলো গঠন করে রোববার (৯ আগস্ট) মন্ত্রিপরিষদ বিভাগ থেকে অফিস আদেশ জারি করা হয়েছে। এতে বলা হয়, বাংলাদেশ নির্বাচন কমিশন গত ৬ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের জন্য তফসিল ঘোষণা করেছে। রাষ্ট্রপতি নির্বাচনের পর প্রধানমন্ত্রীর অনুমতি প্রাপ্তির পরিপ্রেক্ষিতে নির্ধারিত দিন, তারিখ, সময় ও স্থানে রাষ্ট্রপতির শপথগ্রহণ অনুষ্ঠান আয়োজিত হবে। এ শপথগ্রহণ অনুষ্ঠান যথাযথ মর্যাদায় সুচারু ও সফলভাবে পরিচালনার লক্ষ্যে এ কমিটিগুলো গঠন করা হলো। কমিটিগুলোর মধ্যে রয়েছে- মন্ত্রিপরিষদ বিভাগের সচিব সমন্বয় ও সংস্কার ফারাহ শাম্মীর নেতৃত্বে সমন্বয় কমিটি, প্রশাসন ও বিধি অনুবিভাগের অতিরিক্ত সচিব মো. শামীম সোহেলের নেতৃত্বে ডকুমেন্টেশন ও রেকর্ড সংরক্ষণ কমিটি এবং অতিথি তালিকা প্রণয়ন ও আমন্ত্রণপত্র মুদ্রণ কমিটি, সমন্বয় অনুবিভাগের অতিরিক্ত সচিব মোহাম্মদ খালেদ হাসানের নেতৃত্বে আমন্ত্রণপত্র বিতরণ ও প্রাপ্তি যাচাই কমিটি, কমিটি ও অর্থনৈতিক অনুবিভাগের অতিরিক্ত সচিব মো. হুমায়ুন কবিরের নেতৃত্বে আসন ব্যবস্থাপনা কমিটি, আইন অনুবিভাগের অতিরিক্ত সচিব ইয়াসমিন বেগমের নেতৃত্বে অভ্যর্থনা কমিটি। কমিটিগুলো প্রয়োজন অনুযায়ী কর্মকর্তা-কর্মচারী অন্তর্ভুক্ত করতে পারবে। চিঠি পাওয়ার পর কমিটি দ্রুত সভা আহ্বান করে কর্মপরিকল্পনা গ্রহণ করবে। উপকমিটির আহ্বায়করা তাদের কার্যাদি নিয়মিতভাবে মন্ত্রিপরিষদ বিভাগের সচিবকে (সমন্বয় ও সংস্কার) অবহিত করবেন এবং প্রয়োজনীয় নির্দেশনা নেবেন বলে অফিস আদেশে জানানো হয়েছে। নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী, আগামী ২০ আগস্ট রাষ্ট্রপতি নির্বাচনের ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে।

ফ্যাসিবাদের মাথা পালিয়ে

সরকার গঠনের একদিন পর রমজান শুরু হয়। কেউ কেউ রোজার সময় সুযোগ নিতে জিনিসপত্রের দাম বাড়িয়ে দিয়ে সুবিধা নেবে। আল্লাহর রহমতে আমরা সেটি ভালোভাবে সামাল দিয়েছি। কিন্তু রোজা শেষ হতে না হতেই মধ্যপ্রাচ্যে ইরান আর আমেরিকার সমস্যা শুরু হয়ে গেল। ফলে তেল জ্বালানিসহ পুরো অর্থনীতির উপর চাপ তৈরি হলো। এসব দেখভাল করতে গিয়ে আমার আসতে দেরি হয়েছে। রোববার (৯ আগস্ট) বিকেলে চট্টগ্রামের ফটিকছড়ির আল জমিয়াতুল ইসলামিয়া আজিজুল উলুম বাবুনগর মাদ্রাসায় আয়োজিত মতবিনিময় সভায় তিনি এই মন্তব্য করেন। প্রধানমন্ত্রী বলেন, বিগত নির্বাচনের সময় আমরা একসঙ্গে কাজ করে দেশকে বিপদ থেকে রক্ষা করতে পেরেছি। তবে সমস্যাটা এখনও শেষ হয়ে যায়নি। বিগত ফ্যাসিবাদের সময় আপনারা দেখেছেন, দেশের মানুষের অর্থ সম্পদ লুট করে পাচার করে বিদেশি পাঠিয়ে দেওয়া হয়েছে। দেশে একটি পক্ষ বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে জানিয়ে তিনি বলেন, একটি পক্ষ বিশৃঙ্খলা করতে চাইছে। এরা যাতে বিশৃঙ্খলা সৃষ্টি করতে না পারে। বিশৃঙ্খলা না থাকলে দেশি বিদেশি বিনিয়োগ হবে। এতে মানুষের কর্মসংস্থান হবে। তাই বিগত দিনের মতো আমাদেরকে এক হয়ে দেশ গঠনের কাজ করতে হবে।

বালু মহলের ইজারা বাতিলের

নদীর বালু মহলের ইজারা বাতিলের দাবিও জানান তারা। এসময় ইলিশা ইউনিয়ন জামায়াতে ইসলামীর আমির মো.সালাউদ্দিনের সভাপতিত্বে ও সেক্রেটারি আরিফুল ইসলামের সঞ্চালনায় বক্তব্য রাখেন সদর উপজেলা জামায়াতে ইসলামীর সভাপতি কামাল হোসেন, কাচিয়া ইউনিয়ন জামায়াতে ইসলামীর সেক্রেটারী মোস্তফা কামালসহ প্রমুখ।

লালমোহনে হত্যা মামলায়

দীর্ঘদিন পলাতক ছিলেন। র‌্যাব জানায়, তথ্যপ্রযুক্তি ও বিশেষ গোয়েন্দা তৎপরতার মাধ্যমে ইসমাইল হোসেনের অবস্থান শনাক্ত করা হয়। পরে র‌্যাবের একটি আভিযানিক দল অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। গ্রেফতার ইসমাইল হোসেনকে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়ার জন্য লালমোহন থানায় হস্তান্তর করা হয়েছে বলে জানিয়েছে র‌্যাব।

রাস্তা সংস্কারের দাবিতে

চরম আকার ধারণ করে। সড়কটি দিয়ে দৈনিক হাজার হাজার পথচারী, স্কুল-কলেজের শিক্ষার্থী, চাকরিজীবী ও ব্যবসায়ীরা যাতায়াত করেন। বেহাল দশার কারণে বিকল্প দীর্ঘ পথ ব্যবহার করতে গিয়ে সময় ও বাড়তি অর্থ দুটোই অপচয় হচ্ছে। বিশেষ করে বৃদ্ধ ও শিশুদের স্বাস্থ্য ঝুঁকি ও দুর্ঘটনার আশঙ্কা প্রতিদিন বাড়ছে। এ ছাড়া সড়কটির পাশে ঐতিহ্যবাহী ঈদগাহ মার্কেটের শত শত ব্যবসায়ী লোকসানের মুখে পড়েছেন। সড়কের এই জটিলতা প্রসঙ্গে উজিরপুর উপজেলা প্রকৌশলী সুব্রত রায় জানান, পূর্বে সড়কটি সংস্কারের জন্য বরাদ্দ ও টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছিল। কিন্তু সংশ্লিষ্ট ঠিকাদারি প্রতিষ্ঠান কাজটি করতে অনিচ্ছা প্রকাশ করায় প্রক্রিয়াটি আটকে যায়। পরবর্তীতে পুনরায় টেন্ডার আহ্বান করা হয়েছে এবং দ্রুতই কাজ শুরু হবে। এ বিষয়ে উজিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আলী সুজা জানান, সকল প্রশাসনিক প্রক্রিয়া গুছিয়ে আগামী সেপ্টেম্বর মাসের মধ্যেই সড়কটির সংস্কার কাজ আনুষ্ঠানিকভাবে শুরু করার প্রস্তুতি চলছে।

রাজাপুরে দূর্ভোগ লাঘবে

হয়ে যাও। রোগী বহন, বয়স্ক এবং শিক্ষার্থীদের চলাচল একদমই অসম্ভব হয়ে পরে। এসব সমস্যা লাঘবের জন্য জহিরুল হক সোহেল ভাই'র কাছে এলাকাবাসী গিয়ে আবদার করলে তিনি তাৎক্ষণিক নিজ অর্থে মেরামত করে দেওয়ার আশ্বাস দেন। এবং সে মোতাবেক তিনি কাজও করেন। মেরামত কাজের উদ্বোধন কালে উপস্থিত ছিলেন, মঠবাড়ি ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান ও উপজেলা বিএনপির সদস্য ফজলুর রহমান ফোরোক, উপজেলা যুবদলের যুগ্ম আহবায়ক আবু সায়েম আকন, উপজেলা ছাত্রদলের ভারপ্রাপ্ত আহবায়ক মো: সাখাওয়াত হোসেন রাব্বি সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকাবাসী। জহিরুল হক সোহেল উপজেলার বিভিন্ন সামাজিক সমস্যা সমাধান, প্রাতিষ্ঠানিক সমস্যা সমাধান সহ অসহায় মানুষের দিকে সাহায্যের বাড়িয়ে থাকেন। অনেক আগে থেকেই তিনি শিক্ষার মান উন্নয়নে,গরিব শিক্ষার্থী যাতে অর্থের অভাবে ঝরে না পরে তার জন্য কাজ করে যাচ্ছেন। জহিরুল হক সোহেন জানায়,মানুষের কল্যানে এ ধরনের কাজ অব্যাহত থাকবে সব সময়।

পুলিশ অ্যাসোসিয়েশন

পুলিশে থাকা 'গুপ্ত-ফ্যাসিস্টের দোসররা' বাহিনীর মনোবল ক্ষতিগ্রস্ত করছে

কীর্তনখোলা ডেস্ক

পুলিশ বাহিনীর ভেতরে ও বাইরে ঘাপটি মেরে থাকা 'গুপ্ত ও ফ্যাসিস্টদের দোসররা' দেশ-বিদেশে অবস্থানরত বিভিন্ন অ্যাক্টিভিস্টের কাছে মিথ্যা, উদ্দেশ্যপ্রণোদিত ও বিভ্রান্তিকর তথ্য সরবরাহ করছেন বলে অভিযোগ করেছে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন। এসব তথ্য যাচাই না করে সামাজিক যোগাযোগমাধ্যমে অতিরঞ্জিত ও মনগড়া গল্প হিসেবে প্রচার করা হচ্ছে বলেও দাবি সংগঠনটির। এতে দায়িত্ব পালনে ফিরে আসা পুলিশ সদস্যদের মনোবল ক্ষতিগ্রস্ত হওয়ার পাশাপাশি একটি শৃঙ্খলাবদ্ধ বাহিনীর কর্মস্পৃহা ও কার্যক্ষমতা বাধাগ্রস্ত হচ্ছে বলে জানানো হয়েছে। রোববার (৯ আগস্ট) বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক ও ঢাকা জেলা পুলিশ সুপার শামীমা পারভীনের সই করা এক বিবৃতিতে এসব কথা বলা হয়। বিবৃতিতে বলা হয়, '২০২৪ সালের ৫ আগস্টের অভ্যুত্থান পরবর্তী সময়ে পুলিশের ভঙ্গুর মনোবল যখন ধীরে ধীরে স্বাভাবিক হয়ে আসে এবং বাহিনীর সদস্যরা নতুন উদ্যমে আইনশৃঙ্খলা রক্ষা ও জননিরাপত্তা নিশ্চিত করার দায়িত্ব পালনে ফিরে আসছেন, ঠিক সেই সময়ে পলাতক, জনবিচ্ছিন্ন ফ্যাসিস্ট শক্তি এবং কতিপয় স্বার্থান্বেষী মহল একটি পরিকল্পিত অপতৎপরতায় লিপ্ত হয়েছেন বলে প্রতীয়মান হচ্ছে। পুলিশ বাহিনীর বাইরে ও অভ্যন্তরে ঘাপটি মেরে থাকা এসব গুপ্ত ও ফ্যাসিস্টদের দোসররা দেশ-বিদেশে অবস্থানরত বিভিন্ন অনলাইন অ্যাক্টিভিস্ট ও নামধারী সাংবাদিকের কাছে মিথ্যা, উদ্দেশ্যপ্রণোদিত ও বিভ্রান্তিকর তথ্য সরবরাহ করছেন। এসব তথ্যের সত্যতা, প্রেক্ষাপট ও যথার্থতা যাচাই না করে কথিত সাংবাদিক ও অনলাইন অ্যাক্টিভিস্টরা সেগুলোকে অতিরঞ্জিত করে নানা মনগড়া ও বিভ্রান্তিকর গল্প তৈরি করছেন এবং নিজেদের সামাজিক যোগাযোগ মাধ্যমের বিভিন্ন প্লাটফর্মে প্রচার করছেন।' বিবৃতিতে আরও বলা হয়, দুঃখজনকভাবে এ ধরনের অপতথ্য ও উদ্দেশ্যপ্রণোদিত প্রচারণা ক্রমেই ব্যক্তিবিশেষ থেকে শুরু করে পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তা এমনকি পুলিশের বাহিনীর প্রধানের বিরুদ্ধে কুৎসা ও অপপ্রচারে রূপ নিচ্ছে। এর ফলে দায়িত্ব পালনে ফিরে আসা পুলিশ সদস্যদের মনোবল মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে এবং সামগ্রিকভাবে একটি শৃঙ্খলাবদ্ধ বাহিনীর কর্মস্পৃহা ও কার্যক্ষমতা বাধাগ্রস্ত হচ্ছে। অভ্যুত্থান-পরবর্তী একটি দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিত করার ক্ষেত্রে পুলিশ বাহিনীর মনোবল ও পেশাগত সক্ষমতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অথচ উদ্দেশ্যপ্রণোদিত অপতথ্য, গুজব ও কুৎসামূলক প্রচারণার মাধ্যমে বাহিনীকে দুর্বল ও বিতর্কিত করার এই অপচেষ্টা শেষ পর্যন্ত শুধু পুলিশ বাহিনীকে নয়, ক্ষতিগ্রস্ত করছে রাষ্ট্র, দেশের জনগণ এবং একটি স্বাভাবিক, স্থিতিশীল ও গণতান্ত্রিক বাংলাদেশের প্রত্যাশাকে। বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন মনে করে, ব্যক্তিস্বার্থ, গোষ্ঠীগত স্বার্থ কিংবা রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্য একটি সুশৃঙ্খল আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর বিরুদ্ধে এই ধরনের দায়িত্বহীন ও অনৈতিক কর্মকাণ্ড কোনোভাবেই মতপ্রকাশের স্বাধীনতার অংশ হতে পারে না। এটি একই সঙ্গে পেশাগত নৈতিকতা, রাষ্ট্রীয় স্বার্থ এবং একটি শৃঙ্খলাবদ্ধ বাহিনীর অভ্যন্তরীণ শৃঙ্খলার পরিপন্থি। পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন এ ধরনের উদ্দেশ্যপ্রণোদিত অপপ্রচার, বিভ্রান্তি ছড়ানো এবং পুলিশ বাহিনীকে পরিকল্পিতভাবে দুর্বল ও বিতর্কিত করার অপচেষ্টার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে। রাষ্ট্র, জনগণ ও পুলিশ বাহিনীর স্বার্থে এ ধরনের অপতৎপরতায় জড়িত ব্যক্তিদের পরিচয় ও কর্মকাণ্ড যথাযথভাবে শনাক্ত করে প্রচলিত আইন, বিধি ও সাংগঠনিক শৃঙ্খলা অনুযায়ী কঠোর ও দৃষ্টান্তমূলক ব্যবস্থা গ্রহণের আহ্বান জানাচ্ছে। সেই সঙ্গে বাংলাদেশ পুলিশ সার্ভিস অ্যাসোসিয়েশন এ ধরনের কর্মকাণ্ডের সহিত যে বা যারা জড়িত তাদেরও পুলিশ বাহিনীর ভাবমূর্তি বিনষ্ট এবং আইন বহির্ভূত হীনকর্মকাণ্ড থেকে বিরত থাকার অনুরোধ জানাচ্ছে।

হাম উপসর্গে আরও ৬ শিশুর মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

হামের উপসর্গ নিয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৬ শিশুর মৃত্যু হয়েছে। এদের মধ্যে ৩ জন সিলেট বিভাগের বাসিন্দা। এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছে ১ হাজার ৬৩ জন। রোববার (৯ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হাম বিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিবেদনে বলা হয়েছে, এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গে মারা গেছে ৭৭৫ শিশু। নিশ্চিত হামে মৃত্যু হয়েছে ৯৮ শিশুর। সব মিলিয়ে মৃত্যুর সংখ্যা ৮৭৩ জন। প্রতিবেদনে বলা হয়েছে, গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামের রোগী শনাক্ত হয়েছে ৭৫ জন। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত দেশে মোট ১৭ হাজার ১১৫ জনের শরীরে পরীক্ষার মাধ্যমে হাম শনাক্ত হয়েছে। গত ২৪ ঘণ্টায় সারা দেশে আরও ৯৮৮ জনের শরীরে হামের উপসর্গ দেখা দেওয়ার তথ্য পাওয়া গেছে। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ দেখা দেওয়া রোগীর সংখ্যা ১ লাখ ৩৬ হাজার ৩২০ জন। ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হামের উপসর্গ নিয়ে হাসপাতালে ভর্তি হয়েছে ১ লাখ ১৮ হাজার ৩৮২ জন। এর মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছে ১ লাখ ১৪ হাজার ১৪২ জন।

মঠবাড়িয়ায় ২০৭ প্রাথমিক বিদ্যালয়ে

ও মানসিক বিকাশ ব্যাহত হচ্ছে। অনেক বিদ্যালয়ের পাশ দিয়ে ব্যস্ত সড়ক ও পুকুর থাকায় মাঠের পরিবর্তে বাইরে খেলতে গিয়ে দুর্ঘটনার ঝুঁকিও তৈরি হচ্ছে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা যায়, মঠবাড়িয়ায় ১১টি ইউনিয়ন ও একটি পৌরসভায় মোট ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব বিদ্যালয়ের বড় একটি অংশে নেই খেলার জন্য নির্ধারিত বা উপযুক্ত মাঠ। মাঠের অভাবে বিদ্যালয়গুলোতে নিয়মিত খেলাধুলার পাশাপাশি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা আয়োজনও কঠিন হয়ে পড়েছে। এমনকি আন্তঃবিদ্যালয় বা উপজেলা পর্যায়ের বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতার জন্য শিক্ষার্থী বাছাইয়েও সমস্যায় পড়তে হচ্ছে সংশ্লিষ্টদের। সরেজমিনে উপজেলার বিভিন্ন বিদ্যালয় ঘুরে দেখা গেছে, কোথাও বিদ্যালয় ভবনের চারপাশে পর্যাপ্ত জায়গা নেই, আবার কোথাও বিদ্যালয়ের সাথে সড়ক কিংবা জলাশয় থাকায় শিশুদের খেলাধুলার জন্য নিরাপদ পরিবেশ নেই। উপজেলার ৫৬ নম্বর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পাশ ঘেঁষে চলে গেছে ব্যস্ত সড়ক। বিদ্যালয়ের নিজস্ব খেলার মাঠ না থাকায় টিফিনের সময় শিক্ষার্থীদের ছোটাছুটি করতে দেখা যায় সড়কের আশপাশে। এতে যেকোনো সময় দুর্ঘটনার আশঙ্কা রয়েছে বলে জানান শিক্ষক-অভিভাবকেরা। বিদ্যালয়টির শিক্ষার্থী আদনান আল আহনাফ বলে, আমাদের স্কুলে খেলার মাঠ নেই। টিফিনের সময় শ্রেণিকক্ষেই বসে থাকতে হয়। স্কুলের পাশে রাস্তা থাকায় বাইরে গেলে দুর্ঘটনার ভয় থাকে। অন্যদিকে ৮৭ নম্বর মধ্য সোনাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয়টি পুকুরঘেঁষা। বিদ্যালয়ে খেলার মাঠ না থাকায় শিক্ষার্থীদের খেলাধুলার সুযোগ নেই। বিশেষ করে সাঁতার না জানা শিশুদের জন্য বিদ্যালয়ের আশপাশের জলাশয়টি বাড়তি ঝুঁকি তৈরি করেছে। বিদ্যালয়টির প্রধান শিক্ষক জাহানারা বেগম বলেন, খেলার মাঠ না থাকায় কোমলমতি শিশুরা খেলাধুলা ও চিত্তবিনোদন থেকে নিয়মিত বঞ্চিত হচ্ছে। শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য প্রতিটি বিদ্যালয়ে খেলার মাঠ থাকা প্রয়োজন। আমাদের বিদ্যালয়ে পর্যাপ্ত জমি না থাকায় মাঠ তৈরি করা সম্ভব হচ্ছে না। অভিভাবকদের দাবি, শুধু উদ্যোগ বা আশ্বাসে নয়, বিদ্যালয়ভিত্তিক জরিপ করে যেসব প্রতিষ্ঠানে মাঠ নেই সেগুলো চিহ্নিত করতে হবে। প্রয়োজন হলে সরকারি খাসজমি, পরিত্যক্ত জমি বা বিদ্যালয়ের আশপাশের উপযুক্ত জমি ব্যবহারের মাধ্যমে শিশুদের জন্য নিরাপদ খেলার মাঠ তৈরি করা জরুরি। তা না হলে ভবিষ্যৎ প্রজন্মের একটি বড় অংশ বিদ্যালয়জীবনেই খেলাধুলার মৌলিক অধিকার থেকে বঞ্চিত হবে। মঠবাড়িয়া উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. কামরুল হাসান বলেন, অনেক বিদ্যালয়ে খেলার মাঠ নেই। বিদ্যালয়গুলোর অনেক জায়গায় মাঠ তৈরির মতো জমিও নেই। বিষয়টি নিয়ে ঊর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে কথা বলে শিক্ষার্থীদের খেলাধুলার জন্য মাঠের ব্যবস্থা করতে আবেদন জানাব। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. আতাউর রাব্বী বলেন, আমি এ উপজেলায় কয়েকদিন হলো দায়িত্ব গ্রহণ করেছি। কতগুলো বিদ্যালয়ে মাঠ নেই, তা এখনো জানা নেই। তবে যেসব বিদ্যালয়ে খেলার মাঠ রয়েছে, সেগুলো খেলার উপযোগী করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। পিরোজপুর-৩ আসনের সংসদ সদস্য রুহুল আমিন দুলাল বলেন, উপজেলার বিভিন্ন ইউনিয়নের যেসব বিদ্যালয়ে খেলার মাঠ নেই, সেখানে মাঠ তৈরির উদ্যোগ নেওয়া হবে।

বরফের তীব্র সংকট, ইলিশ আহরণে

জন্য ঘাটে অপেক্ষা করছে। এতে জেলে ও ট্রলার মালিকদের মধ্যে দেখা দিয়েছে চরম হতাশা। আলীপুর ও মহিপুর মৎস্যবন্দর এলাকায় ছোট-বড় মিলিয়ে প্রায় ৩৬টি বরফকল রয়েছে। এসব কলের কোনোটি প্রতিদিন ২০-২৫ ক্যান, আবার কোনোটি ২০০ ক্যান পর্যন্ত বরফ উৎপাদন করে। কিন্তু গত ১০ দিন ধরে দীর্ঘ সময় লোডশেডিং চলায় বরফ উৎপাদন মারাত্মকভাবে কমে গেছে। ফলে ইলিশের ভরা মৌসুমেও পর্যাপ্ত বরফ না থাকায় সাগরে যেতে পারছে না শত শত মাছধরা ট্রলার। বরফের জন্য চারদিন ধরে ঘাটে অপেক্ষায় থাকা এফবি নিশাত ট্রলারের জেলে শুক্কুর বলেন, মাছ ধরতে যাওয়ার জন্য আমাদের ২০০ থেকে ২২০ ক্যান বরফ প্রয়োজন। অথচ এক ক্যান বরফও পাচ্ছি না। বরফ ছাড়া সাগরে গিয়ে মাছ ধরা সম্ভব নয়। বরফই আমাদের মাছের প্রাণ। বরফ না থাকায় আমাদের জীবিকাই এখন বন্ধ হওয়ার পথে। ঘাটে নোঙর করা এফবি তামান্না, এফবি মা মনি, এফবি কামালসহ শত শত ট্রলারেরও একই অবস্থা। ট্রলারে আহরিত মাছ সংরক্ষণ এবং দেশের বিভিন্ন স্থানে সরবরাহের জন্য স্থানীয়ভাবে পর্যাপ্ত বরফ উৎপাদন সম্ভব হচ্ছে না। ফলে ব্যবসায়ীরা খুলনা, বরিশাল ও পটুয়াখালীর বিভিন্ন এলাকা থেকে বাড়তি দামে বরফ সংগ্রহ করছেন। খান ফিশের আড়তদার রহিম খান বলেন, ১৫০ টাকার বরফ ৩০০ টাকা দিয়েও কিনতে হচ্ছে। তাও পর্যাপ্ত পাওয়া যাচ্ছে না। সিরিয়ালে দাঁড়িয়ে থেকে নামমাত্র বরফ পাওয়া যাচ্ছে। আলীপুর-মহিপুরে ভয়াবহ সংকট চলছে। তাই বাধ্য হয়ে বিভিন্ন জায়গা থেকে ট্রাক ভাড়া করে বরফ আনতে হচ্ছে। এতে খরচ অনেক বেড়েছে। আলীপুর-মহিপুর মৎস্য আড়তদার সমবায় সমিতির সাবেক সভাপতি মো. ফজলু গাজী বলেন, হঠাৎ তীব্র লোডশেডিংয়ের কারণে বরফ উৎপাদন ব্যাহত হচ্ছে। ফলে বেশি দামে বরফ বিক্রি হচ্ছে। এভাবে লোডশেডিং চলতে থাকলে বরফকলগুলো একেবারেই বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে। বরফকল মালিকরা জানান, প্রতিদিন ১২ থেকে ১৪ ঘণ্টা পর্যন্ত লোডশেডিং হচ্ছে। ফলে স্বাভাবিক সময়ের তুলনায় বরফ উৎপাদন অনেক কমে গেছে। একদিকে ইলিশের মৌসুমে বরফের চাহিদা বেড়েছে, অন্যদিকে উৎপাদন কমে যাওয়ায় সরবরাহে বড় ধরনের ঘাটতি তৈরি হয়েছে। এতে প্রতিদিনই বাড়ছে বরফের দাম। মহিপুর মৎস্য সমিতির নেতা গাজী মো. মজনু বলেন, বরফ উৎপাদনের জন্য একটানা বিদ্যুৎ প্রয়োজন। কিন্তু এক ঘণ্টা বিদ্যুৎ পাওয়ার পর কয়েক ঘণ্টা বিদ্যুৎ থাকে না। এভাবে বারবার লোডশেডিং হলে বরফ উৎপাদন করা সম্ভব নয়। মৎস্যবন্দর ও জেলেদের টিকিয়ে রাখতে আলীপুর-মহিপুরসহ কুয়াকাটা এলাকায় বিশেষভাবে বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। তা না হলে এ ব্যবসা ধ্বংসের মুখে পড়বে। এ বিষয়ে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির জিএম আবুল কাশেম বলেন, 'জ্বালানি সংকটের কারণে বর্তমানে লোডশেডিং চলছে। জেলায় বর্তমানে বিদ্যুতের মোট চাহিদা ১৩০ মেগাওয়াট। এর বিপরীতে জাতীয় গ্রিড থেকে সরবরাহ পাওয়া যাচ্ছে ৮৫ মেগাওয়াট। ফলে ৪৫ মেগাওয়াট ঘাটতি রয়েছে। চাহিদার মাত্র ৫২ শতাংশ বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বাকি ৪৮ শতাংশ ঘাটতির কারণে নিয়মিত লোডশেডিং করতে হচ্ছে।' তিনি আরও বলেন, জ্বালানি সংকট কেটে গেলে এবং রক্ষণাবেক্ষণের জন্য বন্ধ থাকা বিদ্যুৎকেন্দ্রগুলো চালু হলে লোডশেডিংয়ের সমস্যা সমাধান হবে বলে আশা করছি।

যুদ্ধে নিহতদের রক্ত উপেক্ষিত

তেহরানে 'পররাষ্ট্র মন্ত্রণালয়ের নথিতে মহররম ও আশুরা' শীর্ষক এক অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। খবর আইআরএনএর। আরাগচি বলেন, আশুরার ঘটনাবলি-সংক্রান্ত নথিপত্র গভীরভাবে পর্যালোচনা করলে আধিপত্যবাদী ব্যবস্থা ও ঔপনিবেশিক শক্তির মোকাবিলায় মর্যাদা প্রতিষ্ঠায় ইরানের সভ্যতাগত প্রচেষ্টার বিষয়টি স্পষ্ট হয়ে ওঠে। এসব নথিতে প্রতিফলিত ইরানি কূটনীতি কঠোর বা সংকীর্ণ স্বার্থনির্ভর নয়; বরং এটি মানবকেন্দ্রিক কূটনীতি বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, ধর্মীয় পবিত্রতা রক্ষা এবং আশুরার সংস্কৃতি বিকাশ দীর্ঘদিন ধরে বিশ্বের সঙ্গে ইরানিদের সম্পর্কের ক্ষেত্রে জাতীয় অঙ্গীকার ও কূটনৈতিক পরিচয়ের অংশ। পেহলভি শাসনামলের মতো কিছু শাসকের ধর্মবিরোধী নীতির মধ্যেও এই অঙ্গীকার বজায় ছিল। এ বছরের মহররম ও আশুরা ইরানে ভিন্ন মাত্রা পেয়েছে উল্লেখ করে তিনি যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের অন্যায় ও কাপুরুষোচিত আগ্রাসনের কথা তুলে ধরেন। তিনি বলেন, দেশের স্বাধীনতা, মর্যাদা ও মুক্তি রক্ষায় ইরান বহু মানুষকে হারিয়েছে। দেশের বিভিন্ন এলাকায় জ্যেষ্ঠ কর্মকর্তা ও সাধারণ মানুষের হত্যাকাণ্ড প্রত্যক্ষ করেও ইরানের জনগণ তাদের মর্যাদা ও স্বাধীনতা রক্ষায় দৃঢ়ভাবে অবস্থান নিয়েছে। আরাগচি বলেন, ইতিহাস বারবার দেখিয়েছে, কোনো জাতি যখন নিজেদের স্বাধীনতা রক্ষায় আত্মত্যাগ, অধ্যবসায় ও প্রচেষ্টা পরিত্যাগ করে, তখন তারা শুধু ভূখণ্ডই হারায় না; বরং নিজেদের সামষ্টিক পরিচয়, জাতীয় সংকল্প এবং ভবিষ্যৎ নির্ধারণের সক্ষমতাও হারানোর ঝুঁকিতে পড়ে। তিনি বলেন, এই আদর্শিক ও কৌশলগত উপলব্ধি থেকেই সব ধরনের চাপের মধ্যেও ইরান প্রতিরোধের প্রতি তার অঙ্গীকারে অটল রয়েছে এবং ভবিষ্যতেও তা অব্যাহত রাখবে। ইরানের এই শীর্ষ কূটনীতিক বলেন, বর্তমানে ইরান অন্যায় ও অমানবিকতার ঝড়ের মধ্যেও দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে। আমাদের ইসলামী বিপ্লবের প্রয়াত নেতা আয়াতুল্লাহ আলি খামেনির প্রতি দেওয়া অঙ্গীকার রক্ষায় গুরুত্ব দিতে হবে। আরাগচি বলেন, অন্যায়ভাবে ঝরানো রক্তকে ভুলে যাওয়া বা উপেক্ষা করা হবে না। সেই রক্ত বিস্মৃত হবে না এবং এর পেছনে যাদের হাতগুলো রয়েছে তাদের ক্ষমাও করা হবে না। ন্যায়বিচারের সংগ্রামকে আরও শক্তিশালী ও সুদৃঢ় করতে এই রক্ত প্রতিনিয়ত প্রেরণা জোগাবে।

আট দিনে এলো ৯১৫ মিলিয়ন

এ প্রবাহ ৪২ দশমিক ৯ শতাংশ বেশি। বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য অনুযায়ী, ৬ থেকে ৮ আগস্ট- এই তিনদিনে দেশে রেমিট্যান্স এসেছে ৩১৩ মিলিয়ন ডলার। এর আগে ৪ ও ৫ আগস্ট দুইদিনে প্রবাসীরা পাঠিয়েছেন ১৯৬ মিলিয়ন ডলার। এদিকে, অর্থবছরের শুরু থেকে ৮ আগস্ট পর্যন্ত দেশে মোট তিন দশমিক ৭৭৩ বিলিয়ন ডলারের প্রবাসী আয় এসেছে। গত অর্থবছরের একই সময়ে এর পরিমাণ ছিল তিন দশমিক ১১৮ বিলিয়ন ডলার। অর্থাৎ এক বছরের ব্যবধানে এ সময়ে রেমিট্যান্স বেড়েছে প্রায় ২১ শতাংশ। ব্যাংকিং চ্যানেলে প্রবাসী আয় পাঠানোর প্রবণতা বাড়ায় দেশের বৈদেশিক মুদ্রার প্রবাহেও ইতিবাচক প্রভাব পড়ছে। সংশ্লিষ্টরা বলছেন, রেমিট্যান্সের এ ধারাবাহিকতা বৈদেশিক মুদ্রার রিজার্ভে স্বস্তি ফেরানোর পাশাপাশি সামষ্টিক অর্থনীতির স্থিতিশীলতা বজায় রাখতে সহায়ক হবে। চলতি অর্থবছরের প্রথম মাস জুলাইয়েও রেমিট্যান্স প্রবাহে শক্তিশালী প্রবৃদ্ধি দেখা গেছে। আগস্টের শুরুতেও সেই ধারা অব্যাহত থাকায় চলতি অর্থবছরে প্রবাসী আয়ে আরও গতি আসার প্রত্যাশা তৈরি হয়েছে।

লিজ নেওয়া ঘেরে গাঁজা

আদালতে সোপর্দ করা হবে। মাদকের বিরুদ্ধে এধরণের কঠোর অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন তিনি।

চুরি করতে গিয়ে সাবেক

মাদক সেবনের অভিযোগও রয়েছে। তাঁর কর্মকাণ্ডে এলাকাবাসী অতিষ্ঠ হয়ে উঠেছেন বলে স্থানীয়রা জানিয়েছেন। সুমন সরকার স্বরূপকাঠি পৌরসভার ৩ নম্বর ওয়ার্ডের বাসিন্দা দুলাল সরকারের ছেলে। তিনি স্বরূপকাঠি পৌর কৃষক দলের সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছিলেন। তবে তাঁর বিরুদ্ধে বিভিন্ন অনৈতিক কর্মকাণ্ডের অভিযোগ ওঠার পর গত ১৮ জুলাই পিরোজপুর জেলা কৃষক দলের সভাপতি ও সাধারণ সম্পাদকের স্বাক্ষর করা দলীয় প্যাডে তাঁকে বহিষ্কারের ঘোষণা দেওয়া হয় বলে দলীয় সূত্রে জানা গেছে। নেছারাবাদ উপজেলা শ্রমিক দলের সভাপতি মো. সেলিম ভূঁইয়া বলেন, গত শুক্রবার একটি বাড়িতে সুমন চুরি করেছেন বলে অভিযোগ রয়েছে। পরে শনিবার সন্ধ্যায় তাঁকে রাস্তায় পেয়ে এ বিষয়ে জিজ্ঞাসা করা হলে তিনি কৌশলে সেখান থেকে সরে যান। রাতে নতুন করে অন্য একটি বাড়িতে গিয়ে তালা ভেঙে চুরি করার সময় স্থানীয় বাসিন্দারা তাঁকে আটক করেন। পরে তাঁকে পুলিশের কাছে সোপর্দ করা হয়। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান রোববার বিষয়টি নিশ্চিত করে বলেন, 'চুরির অভিযোগে স্থানীয় বাসিন্দারা সুমনকে আটক করে থানায় দিয়ে গেছেন। তাঁর কাছ থেকে চুরি করা মালামাল উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় চুরির মামলা প্রক্রিয়াধীন।'

আমতলীতে বেওয়ারিশ হিসেবে উদ্ধার

রবিবার সকাল ১১ টায় আমতলী শহরে বিক্ষোভ করেছে স্কুলের শিক্ষার্থীরা। জানা গেছে, নিহত জাভেদ ইমন (১৫) আমতলী উপজেলার আরপাঙ্গাশিয়া ইউনিয়নের পূর্ব চরকগাছিয়া গ্রামের আব্দুল আউয়াল প্যাদার ছেলে। সে গত ২৬ জুলাই বিকেল ৫টায় নিখোঁজ হয়। নিখোঁজের পর আর তার কোন সন্ধান পাওয়া যায়নি। গত ৪ আগস্ট নিঁখোজ জাভেদ ইমনের বাবা আউয়াল প্যাদা আমতলী থানায় একটি সাধারন ডায়রি করেন। পরের দিন ৫ আগস্ট আমতলী থানায় বেওয়ারিশ হিসেবে উদ্ধার হওয়া লাশের পায়ের জুতা ও পরনের প্যান্ট দেখে সনাক্ত করেন এই লাশ তার ছেলে জাভেদ ইমনের। গত ২৯ আগস্ট সন্ধ্যায় স্থানীয়দেও নিকট থেকে খবর পেয়ে আমতলী থানা ও তালতলী থানা নৌপুলিশ আমতলীর পায়রা নদীর মধ্য আরপাঙ্গাশিয়া খাল থেকে বেওয়ারিশ হিসেবে জাভেদ ইমনের লাশ উদ্ধার করে। পরের দিন ৩০ জুলাই বরগুনায় লাশের ময়না তদন্ত শেষে বেওয়ারিশ হিসেবে বরগুনার সরকারী কবরস্থানে দাফন করা হয়। জাভেদ ইমন খুন হওয়ার ঘটনা ছড়িয়ে পরার পর তার শিক্ষা প্রতিষ্ঠান আমতলী সরকারী আরমান খোরশেদ মডেল পাইলট হাইস্কুলের প্রায় ৫ শতাধিক শিক্ষার্থী রবিবার সকাল ১১ টায় আমতলী শহরের প্রধান প্রধান সড়কে বিক্ষোভ করে তাদের সহপাঠী জাভেদ ইমনের হত্যাকারী খুঁজে বের কওে অপরাধীদেও ফাঁসির দাবী করেন। আমতলী সরকারী আরমান খোরশেদ মডেল পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মো. বজলুর রহমান বলেন, জাভেদ ইমন আমার বিদ্যালয়ে নবম শ্রেণির বিজ্ঞান বিভাগের মেধাবী শিক্ষার্থী। তার নিহতের খবর শুনে আমরা খুব মর্মাহত। আমরা তার হত্যাকারীদেও খুজে বের কওে দৃষ্টান্ত মূলক শাস্তি দাবী করছি। নিহত জাভেদ ইমনের বড় ভাই ইমরান প্যাদা অভিযোগ করে বলেন, জাভেদ ইমন নিঁখোজ হওয়ার পর আরপাঙ্গাশিয়া ইউনিয়নের যুগিয়া গ্রামের ফজলু বিশ্বাসের বখাটে মাদকাশক্ত ছেলে ছগির বিশ্বাস (২৩) ২৮ জুলাই আমার হোয়াটস অ্যাপে কল দিয়ে আমার ভাই জাভেদ ইমনের নিকট ১০ হাজার টাকা পাওনা রয়েছে দাবী তা পরিশোধে দাবী জানান। এভাবে ২৯ তারিখ সকালেও ফোন দিয়ে ওই টাকা পরিশোধের দাবী করেন। এবং আমার বাবা আব্দুল আউয়াল প্যাদার নিকটও পাওনা টাকা দাবী করেন। নাম প্রকাশে অনিচ্ছুক আরপাঙ্গাশিয়া যুগয়া গ্রামের কয়েকজন জানান, ছগির বিশ্বাস একজন মাদকাশক্ত ও বখাটে হিসেবে পরিচিত। জাভেদ ইমনের লাশ উদ্ধারের পর তাকে আর এলাকায় দেখা যাচ্ছে না। সে বর্তমানে সে আত্মগোপনে রয়েছে। নিহত জাভেদ ইমনের বাবা আব্দুল আউয়াল প্যাদা কান্না জড়িত কণ্ঠে বলেন, মোর বাবা নিখোঁজ অইছে মোরা অনেক খোঁজা খুঁজি করছি অর কোন সন্ধান পাই নাই। মোগো বাড়ির ধারে গোনে যহন লাশ উদ্ধার করছে হেই লাশের বয়স কইছে ৩০ বছর মোরা হেলইগ্যা আরবেশী দেহি নাই। ওইডাই যে মোর বাবা হ্যা বোঝলেতো লাশ রাবইখ্যা দিতাম। ওওে মোর বাবা এই কথা বলতে বলতে তিনি আবার কান্নায় ভেঙ্গে পরেন। তিনি আরো বলেন, আমি ৫ তারিখ আমতলী থানায় মোর ছেলে নিঁখোজ এইয়া জানাইয়া থানায় জিডি করি। পরের দিন ৬ তারিখ থানায় যাইয়া বেওয়ারিশ লাশের প্যান্ট ও জুতা দেইখ্যা চিনতে পারি এডাতো আমার পোলার লাশ। আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. ইয়াকুব হোসাইন বলেন, গত ২৯ জুলাই আমতলীর পায়রা নদী থেকে উদ্ধার হওয়া বেওয়ারিশ হিসেবে উদ্ধার হওয়া লাশটি জাভেদ ইমনের।

যৌতুকের মামলায় ৪৩তম

টাকা যৌতুক দাবি করার অভিযোগ উল্লেখ করা হয়েছে। দাবিকৃত টাকা দিতে না পারায় তাকে মানসিকভাবে চাপ প্রয়োগ ও বিভিন্নভাবে হয়রানি করা হয়েছে বলে মামলায় অভিযোগ করা হয়। এ ঘটনায় যৌতুক নিরোধ আইন, ২০১৮-এর ৪ ধারায় মামলা দায়ের করা হয়েছে। এদিকে, বরগুনার বেতাগী উপজেলার মোকামিয়া এলাকার এক তরুণীর সঙ্গে মাকসুদুল হাসানের সম্পর্কের একটি ভিডিও জুলাইয়ের শুরুতে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়েছিল। স্থানীয়ভাবে জানা গেছে, ওই তরুণী মোকামিয়া মাধ্যমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষিকা। ভিডিওটি ছড়িয়ে পড়ার পর বিষয়টি এলাকায় ব্যাপকভাবে আলোচনার সৃষ্টি হয়। পাঁচলাইশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. জাহেদুল ইসলাম গ্রেফতারের বিষয়টি নিশ্চিত করে বলেন, "শনিবার রাতে বিশেষ অভিযান চালিয়ে রাত ১টার দিকে শুলকবহর এলাকার কালা মুন্সি লেইনের নিজ বাসা থেকে মাকসুদুল হাসানকে গ্রেফতার করা হয়েছে।" পুলিশ জানিয়েছে, মামলার পরবর্তী আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

গাছের ভাঙা ডালে বেল্ট দিয়ে

দেখেন স্থানীয়রা। সন্দেহজনক অবস্থায় মরদেহটি দেখে সঙ্গে সঙ্গে খবর দেওয়া হলে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে তা উদ্ধার করে। ঘটনার সত্যতা নিশ্চিত করে নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি-তদন্ত) বেলায়েত হোসেন জানান, খবর পাওয়া মাত্রই পুলিশ ঘটনাস্থলে গিয়ে মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝালকাঠি সদর হাসপাতাল মর্গে পাঠায়। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়া এবং নিরপেক্ষ তদন্ত শেষে এটি হত্যা না কি আত্মহত্যা তা স্পষ্ট হওয়া যাবে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

কাউখালীতে কমিউনিটি

বলেন, মাদক, সন্ত্রাস,কিশোর গ্যাং,ইভটিজিং ও সাইবার অপরাধের বিরুদ্ধে পুলিশ কঠোর অবস্থানে রয়েছে। অপরাধী যত প্রভাবশালীই হোক,অপরাধ করে কেউ পার পাবে না। তবে শুধু পুলিশের অভিযান দিয়ে একটি নিরাপদ সমাজ গড়ে তোলা সম্ভব নয়। অপরাধ প্রতিরোধে জনগণকে পুলিশের সঙ্গে সরাসরি সম্পৃক্ত হতে হবে। তিনি আরও বলেন,কোনো এলাকায় মাদক বিক্রি, চাঁদাবাজি,সন্ত্রাস,বাল্যবিবাহ কিংবা কিশোর গ্যাংয়ের তৎপরতা দেখা গেলে তা গোপন না রেখে দ্রুত পুলিশকে জানাতে হবে। জনগণের সহযোগিতা পেলে অপরাধীদের বিরুদ্ধে আরও কার্যকর ব্যবস্থা নেওয়া সম্ভব হবে। বিশেষ করে কিশোরদের অপরাধে জড়িয়ে পড়া রোধ করতে পরিবার ও শিক্ষা প্রতিষ্ঠানকে আরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। অনুষ্ঠানের সভাপতি মোঃ আনোয়ার হোসেন তার সমাপনী বক্তব্য বলেন, কাউখালীকে মাদক,সন্ত্রাস, চাঁদাবাজি ও কিশোর গ্যাং মুক্ত করতে কাউখালী থানা পুলিশ জিরো টলারেন্স নীতিতে কাজ করছে। অপরাধী যে-ই হোক না কেন, কোনো ধরনের ছাড় দেওয়া হবে না। মাদক ব্যবসায়ী, সন্ত্রাসী,চাঁদাবাজ ও কিশোর গ্যাংয়ের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে আইন অনুযায়ী কঠোর ব্যবস্থা নেওয়া হবে। তিনি আরও বলেন,পুলিশের চোখ ফাঁকি দিয়ে কেউ অপরাধ করে পার পাওয়ার সুযোগ নেই। তবে অপরাধীদের শনাক্ত করতে জনগণের সহযোগিতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময় তিনি এলাকায় কোনো অপরাধী বা অপরাধমূলক কর্মকাণ্ডের তথ্য থাকলে পুলিশকে জানিয়ে সহায়তা প্রদানের কথা বলেন। সেই সাথে তথ্যদাতার পরিচয় গোপন রাখা হবে বলে নিশ্চয়তাও প্রদান করেন। আমরা চাই,পুলিশ ও জনগণের সম্মিলিত প্রচেষ্টায় কাউখালীকে একটি নিরাপদ ও অপরাধমুক্ত উপজেলা হিসেবে গড়ে তুলতে। সভায় আরও বক্তব্য রাখেন, কাউখালী উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা চেয়ারম্যান এস. এম. আহসান কবীর,সাধারণ সম্পাদক এইচ. এম. দ্বীন মোহাম্মদ, উপজেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারি হুমায়ুন কবীর, উপজেলা বিএনপির সাবেক সদস্য সচিব শাফিউল আজম দুলাল,ইসলামী আন্দোলন বাংলাদেশের উপজেলা সভাপতি আলী হোসেন হাওলাদার এবং থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (তদন্ত) এবাদ আলী প্রমুখ। বক্তারা মাদক,সাইবার অপরাধ,নারী নির্যাতন, বাল্যবিবাহ,ইভটিজিং,সন্ত্রাস ও কিশোর গ্যাং নির্মূলে পুলিশের একক প্রচেষ্টা যথেষ্ট নয় বলে উল্লেখ করেন। এসব অপরাধ প্রতিরোধে পুলিশ ও জনগণের সমন্বিত উদ্যোগ প্রয়োজন। তরুণ ও কিশোরদের অপরাধ থেকে দূরে রাখতে পরিবার,শিক্ষা প্রতিষ্ঠান, জনপ্রতিনিধি ও সামাজিক সংগঠনগুলোকে আরও সক্রিয় হওয়ারও আহ্বান জানান। উক্ত আলোচনা সভায় স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ,গণ্যমান্য ব্যক্তি এবং সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কাউখালীতে "শৃঙ্খলা, নিরাপত্তা,প্রগতি"এই মূলমন্ত্রকে সামনে রেখে কাউখালী থানার আয়োজনে কমিউনিটি পুলিশিং সভা অনুষ্ঠিত -কীর্তনখোলা

ভরা মৌসুমেও নদীতে ইলিশের আকাল

জন, তজুমদ্দিনে ১৯ হাজার ৫৭২ জন, লালমোহনে ২৪ হাজার ৮০৬ জন, চরফ্যাশনে ৪৪ হাজার ৩১১ জন ও মনপুরা উপজেলায় নিবন্ধিত জেলে রয়েছেন ১৫ হাজার ৩৪১ জন। যারা সরাসরি নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করেন, তাদের রুটিরুজি মেঘনা তেঁতুলিয়া নদীতে মাছ ধরার ওপর নির্ভরশীল। সরেজমিনে সদর উপজেলার মেঘনা নদী-তীরবর্তী ভোলারখাল ও তুলাতুলির বিভিন্ন এলাকা ঘুরে দেখা যায়, নদী-তীরবর্তী এলাকার জেলে ও তাদের পরিবারের সদস্যদের নিরব দীর্ঘশ্বাস আর হা-হুতাশ। কারো মুখে নেই হাসি। অনেক জেলে নদীতে গিয়ে কাঙ্ক্ষিত ইলিশ না পেয়ে তীরে ফিরে আর নদীতে যাচ্ছেন না। অন্যদিকে নিষেধাজ্ঞা না থাকলেও দিনের পর দিন প্রতি ট্রিপে আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হওয়ায় জাল-ট্রলার নিরাপদ স্থানে উঠিয়ে রেখেছেন অনেক জেলে। এতে যেন নুন আনতে পান্তা ফুরানোর দশা ভোলার জেলেদের। এ ছাড়া সরবরাহ কম থাকায় আড়রতগুলোতেও নেই ক্রেতা-বিক্রেতাদের হাঁকডাক। নদীতে জেলেদের জালে কাঙ্ক্ষিত ইলিশ ধরা না পড়ার প্রভাব পড়েছে স্থানীয় ছোট-বড় মাছের আড়ত ও খুচরা মাছ বিক্রির বাজারগুলোতে। এক কেজি ওজনের প্রতিটি ইলিশ বিক্রি হচ্ছে ৩ হাজার ২০০ টাকা, ৮-৯০০ গ্রাম ওজনের ২৬-২৭০০ টাকা, আর ৭৫০ গ্রামের ইলিশ বিক্রি হচ্ছে ২৪৫০ টাকায় প্রতিকেজি। জেলে মো. নুরউদ্দিন, বশির ও ইলিয়াস বলেন, আষাঢ় ও শ্রাবণ হইলো নদীতে ইলিশের ভরা মৌসুম। নদীতে মাছ ধইরাই সংসার ও ঋণের কিস্তিসহ সবকিছু ভালো চালাতাম। বছরের অন্যান্য মাসে আশানুরূপ ইলিশ না পেলেও গত ৫-৬ বছর আগেও এ সময়ে আমরা নদীতে গিয়ে কিছুটা হলেও আশানুরূপ ইলিশ পেতাম। একই নদী, একই জাল কিন্তু ইলিশ তো নাই। একেকবার নদীতে গেলে ট্রলারের জ্বালানি তেলসহ অন্তত ২-৩ হাজার টাকা টাকা খরচ হয়, বিপরীতে মাছ পাই ৩-৪ হাজার টাকার, এতে দেখা যায় প্র?তি ট্রিপে ৫০০ থেকে ১ হাজার টাকা করে দেন হইতেছি।' জেলেরা বলেন, 'এভাবে আর সম্ভব না, ঋণের বোঝা ভারী হচ্ছে দিনে দিনে। তারপরও গত এক মাস ধরে দু-এক দিন পরপর নদীতে মাছ ধরতে গিয়েও হতাশা নিয়ে ফিরতে হচ্ছে। ট্রলারের প্রতিজন জেলের সংসারে ৫-১০ পর্যন্ত সদস্য আছে,তা ছাড়া প্রত্যেকের দেনা তো আছেই। তবে বঙ্গোপসাগর মোহনার পর থেকে অর্থাৎ সাগরের দিকে গেলে কাঙ্ক্ষিত ইলিশ জালে ধরা পড়লেও ট্রলার ছোট হওয়ায় আমরা সেখানে গিয়ে ইলিশ ধরতে পারি না।' তারা আরও বলেন, 'নদীতে মাছ ধরায় নিষেধাজ্ঞাকালীন সময়ে সরকার আমাদেরকে চাল দেয়। কিন্তু এখন যে আমাদের দুর্দশা চলছে সে খবর কেউই নেয় না। সরকারের কাছে আমরা সহযোগিতা চাই, নাহলে এ পেশায় টিকে থাকতে পারবো না।' মাঝি মো. মাহাবুব, আলাউদ্দিন, কামাল ও জুয়েল বলেন, 'অনেক আশায় লাখ লাখ টাকার জাল-ট্রলার নিয়ে নদীতে মাছ ধরতে গিয়ে হতাশা নিয়ে তীরে ফিরতে হয় আমাদের। আগে নদীতে একবার জাল ফেললে যে পরিমাণে ইলিশসহ অন্যান্য মাছ পেতাম এখন ৪-৫ বার নদীতে জাল ফেললেও সে পরিমাণে ইলিশ মাছ পাই না। অন্যদিকে খরচও বাড়ছে। ধারদেনা করে জাল-ট্রলার করেছি, কিন্তু দেনা শোধ দিতে পারছি না। কী করবো বুঝতেছি না। কাঙ্ক্ষিত মাছ না পেয়ে অনেকেই নদীতে মাছ ধর? বাদ দিয়ে বিকল্প কাজের খোঁজে ঢাকা-চট্রগ্রাম চলে যাচ্ছেন। এভাবে চলতে থাকলে আমাদেরকেও তাদের পথ ধরতে হবে।' আড়তদার আব্দুল খালেক মেম্বার ও মো. আলমগীর বলেন, 'নদীর এরকম পরিস্থিতি গত ৪-৫ বছরের মধ্যেও দেখিনি, মাছ কম ধরা পড়লেও এতটা কম পড়েনি। এ পরিস্থিতিতে বর্তমানে ব্যবসা টিকিয়ে রাখা দায় হয়ে দাঁড়িয়েছে। ঢাকা-মাওয়াসহ দেশের বিভিন্ন মোকাম থেকে দাদন এনে জেলেদেরকে দিয়েছি, কিন্তু জেলেরা আড়তে কাঙ্ক্ষিত পরিমানে ইলিশ আনতে পারে না, আমরাও মোকামে পাঠাতে পারছি না।' তিনি আরও বলেন, 'মাছের দাম বেশি, তবে দাম বেশি হলেও লাভ নাই, কারণ সরবরাহ খুবই কম। জেলেদের পরিস্থিতি দেখে তাদেরকেও দাদনের টাকা শোধ করার চাপ দিতে পারছি না, মোকামে তো বোঝে না। কবে নাগাদ জেলেদের জালে কাঙ্ক্ষিত ইলিশ ধরা পড়বে আর আমাদের ব্যবসা পরিস্থিতি স্বাভাবিক হবে তাও জানি না, আমরা খুবই হতাশ।' এ বিষয়ে ভোলার জেলা মৎস্য কর্মকর্তা মো. দেলোয়ার হুসাইন বলেন, আষাঢ়-শ্রাবণ মাসে সব মৌসুমে নদীতে ইলিশের চিত্র এক থাকে না, কমবেশি হয়। আর কিছুদিন না গেলে বোঝা যাবে না আসল চিত্রটা। ধারণা করা হচ্ছে, ডুবোচরের কারণে ইলিশের গতিপথে পরিবর্তন হচ্ছে, রয়েছে নদী দূষণ, অবৈধ জালের প্রভাব ও জাটকা-মা ইলিশ নিধন, এসব কারণে হয়তো ভরা মৌসুমেও জেলেরা ভোলার মেঘনা-তেতুলিয়া নদীতে গিয়ে কাঙ্ক্ষিত ইলিশ পাচ্ছেন না। এসব সমস্যা সমাধানের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাবো। দেশে ইলিশের মোট ছয়টি অভয়াশ্রম রয়েছে। এরমধ্যে দুটি হচ্ছে ভোলার মেঘনা-তেতুঁলিয়ার ১৯০ কিলোমিটার এলাকা। মেঘনা নদীর ইলিশা থেকে চরপিয়াল পর্যন্ত ৯০ কিলোমিটার ও তেঁতুলিয়া নদীর ভেদুরিয়া থেকে চর রুস্তম পর্যন্ত ১০০ কিলোমিটার।

ইট তুলে নিয়ে কাদামাটি

বাস্তবায়ন করে। এদিকে ২০২৫-২৬ অর্থবছরে টিআর প্রকল্পের আওতায় ৬০০ ফুট ইটের সলিং সংস্কারের জন্য ৯ লাখ ১৬ হাজার ৫৫৮ টাকা বরাদ্দ দেওয়া হয়। এ কাজের তদারকির দায়িত্বে রয়েছেন এওয়াজপুর ইউনিয়ন পরিষদের সচিব জামাল উদ্দিন। স্থানীয়দের অভিযোগ, টিআর প্রকল্পের কাজ বাস্তবায়ন করতে গিয়ে ওই হেরিং বোন বন্ড সড়কের ইট তুলে ফেলা হয়েছে। পরে ভেকু দিয়ে সড়কে কাদা-মাটি ফেলা হয়। এতে সড়কটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। স্থানীয়রা জানান, কয়েক দিন আগে এওয়াজপুর ইউনিয়ন পরিষদের সচিব জামাল উদ্দিন সড়কটি ভালোভাবে ইটের সলিং করার কথা বলে আগের ইটগুলো তুলে নেন। পরে ভেকু দিয়ে সড়কে কাদা-মাটি ফেলা হয়। তাঁদের দাবি, আগের হেরিং বোন বন্ড সড়কটিই ভালো ছিল। স্থানীয় বাসিন্দা জাফর বলেন, 'এওয়াজপুর ইউনিয়নের সচিব জামাল উদ্দিন এই সড়কের কাজ করেছেন। সেই কাজের দায়িত্ব আমি পালন করেছি। তিনি পূর্বের ইটের সলিং তুলে কাদা-মাটি ফেলেছেন।' এওয়াজপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের বাসিন্দা আবদুল মান্নান বলেন, '২০২০-২১ অর্থবছরে এই রাস্তায় ইটের সলিং করা হয়। আমরা এলাকাবাসী ইটের সলিংয়ের ওপর দিয়ে চলাচল করেছি। পূর্বের ৬৬০ ফুট ইটের সলিং তুলে মাটি ফেলা হয়েছে। এখন শিক্ষার্থী, বৃদ্ধ ও রোগীদের চলাচলে সমস্যা হচ্ছে। তাই আমরা পূর্বের সলিং ফিরে পেতে চাই।' একই অভিযোগ করেন স্থানীয় বাসিন্দা আবি আবদুল্লাহ ও জসিম মোল্লা। তাঁরা বলেন, 'হেরিং বোন বন্ড নির্মাণের পর মানুষ সুন্দরভাবে চলাচল করতে পারত। ইটগুলো তুলে নেওয়ায় এখন জনদুর্ভোগ সৃষ্টি হয়েছে। ইটের সলিং থাকার সময় এই রাস্তায় গাড়িও চলাচল করত। এখন হাঁটুসমান কাদামাটির কারণে হেঁটে চলাও কঠিন হয়ে পড়েছে।' অভিযোগের বিষয়ে এওয়াজপুর ইউনিয়ন পরিষদের সচিব জামাল উদ্দিন বলেন, 'আগের সলিং নষ্ট হয়ে যাওয়ায় ইটগুলো তুলে নিয়ে মাটি ফেলেছি।' ইট তুলে কাদা-মাটি দিয়ে সড়ক সংস্কার করা যায় কি না এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, 'বিষয়টি উপজেলা প্রশাসন অবগত আছে।' এ বিষয়ে চরফ্যাশন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ বলেন, 'আমি এ বিষয়ে কিছুই জানি না। তবে ইউপি সচিব আমার বিষয়ে কিছু বলে থাকলে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।'

তেলিখালী বেরিবাঁধ থেকে

কেন্দ্রের পুলিশ সদস্যরা। নিহত ইসমাইল শরীফ একই এলাকার মৃত মোহাম্মদ শরীফের ছেলে। পারিবারিক ও স্থানীয় এবং থানা পুলিশ সূত্রে জানা যায়, শনিবার (৮ আগস্ট) বিকেল আনুমানিক ৫টার দিকে টাকা-পয়সা সংক্রান্ত বিষয় নিয়ে স্ত্রীর সাথে মনোমালিন্য হলে বাড়ি থেকে বের হন ইসমাইল শরীফ। এরপর তিনি তুষখালী বাজার জামে মসজিদে মাগরিবের নামাজ আদায় করেন। গভীর রাত পর্যন্ত বাড়িতে না ফেরায় রাত আনুমানিক সাড়ে ১০টার দিকে তার স্ত্রী মোসাম্মৎ শেফালী বেগম (৫০) তেলীখালী পুলিশ ফাঁড়িতে ফোনে বিষয়টি জানান। সেখান থেকে তাকে খোঁজাখুঁজির পরামর্শ দেওয়া হয়। পরে পরিবারের সদস্য এবং স্বজনরা নিখোঁজের পর থেকে খোঁজা খুজি করে কোন সন্ধান না পাওয়ার পর থেকে নিখোঁজ হয় ইসমাইল শরীফ । পরদিন (৯আগস্ট) রবিবার সকালে বাড়ির অদূরে বেরিবাঁধের দক্ষিণ পাশে ইসমাইল শরীফকে পড়ে থাকতে দেখে স্বজন ও স্থানীয়রা এগিয়ে যান। খবর পেয়ে তেলিখালী পুলিশ তদন্ত কেন্দ্রের পুলিশ সদস্যরা তার লাশ উদ্ধার করেন বলে জানান ঐকেন্দ্রের উপ-পরিদর্শক (এস.আই) মো. মহসীন। তিনি আরো জানান,এ সময় নিহতের ডান কানের লতি ছেঁড়া ও রক্তাক্ত অবস্থায় দেখা যায় এবং গলার নিচে থেঁতলানো দাগ এবং অণ্ডকোষে গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। এছাড়াও নিহত ইসমাইল শরীফ এলাকায় কট কবলায় জমিজমা রাখাসহ সুদের ব্যাবসা করতেন বলেও তার বিরুদ্ধে অভিযোগ রয়েছে। টাকা-পয়সা নিয়ে পরিবারের সদস্যদের সাথেও তার বিরোধ লেগেই থাকত। আর্থিক বা পারিবারিক বিরোধের জেরে তিনি মারা যেতে পারেন বলে প্রাথমিক ভাবে ধারণা করা হচ্ছে বলেও জানান তিনি। এসকল দিক মাথায় রেখেই মৃত্যুর মূল রহস্য উৎঘাটন করার চেষ্টা করছি আমরা। এবিষয়ে ঘটনার সত্যতা নিশ্চিত করে ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল জানান, খবর পেয়ে নিহতের মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে আসার পর ময়নাতদন্তের জন্য মরদেহ পিরোজপুর সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় একটি হত্যা মামলা দায়ের করার প্রস্তুতি চলছে।

জালিয়াতির বলি হয়ে

পরিবার। স্থানীয় সূত্রে জানা যায়, ২০০৯ সালে মেহেন্দিগঞ্জ পৌরসভার খরকী এলাকায় আলমগীর হোসেন এর সাথে একই দলিলে ৯ শতক জমি ক্রয় করেন নাছিমা বেগম। তবে ক্রয়ের সময় নাছিমার স্বামী সিরাজ মুন্সী বিদেশে থাকায় আলমগীর হোসেন পুরো জমিটি ভোগদখল করতে থাকেন। পরবর্তীতে জমি নিয়ে জটিলতা দেখা দিলে ২০১৭ সালে পুনরায় একটি দলিল সম্পাদন করা হয়। এই সুযোগে আলমগীর হোসেনের ছেলে মোঃ রাকিব হোসেন জমিটির নামজারি সম্পন্ন করে দেওয়ার প্রতিশ্রুতি দেন নাছিমা বেগমকে। আইনি প্রক্রিয়ার কথা বলে তিনি নাছিমার কাছ থেকে ৪০০ টাকার ফাঁকা ও লিখিত নন-জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর করিয়ে নেন। সরল বিশ্বাসে সই দেওয়াই যেন কাল হলো পরিবারটির জন্য। নাসিমা বেগমের অভিযোগ, সেই স্বাক্ষরিত স্ট্যাম্প ব্যবহার করে রাকিব নিজের মতো করে একটি ভুয়া বায়না চুক্তিপত্র তৈরি করেন। সেখানে দাবি করা হয় নাছিমা বেগম ৯ শতক জমি বিক্রির উদ্দেশ্যে ৩ লাখ ৫০ হাজার টাকা বায়না বাবদ গ্রহণ করেছেন। জমি বিক্রির কোনো ইচ্ছাই যেখানে ছিল না, সেখানে হঠাৎ করেই আইনজীবীর মাধ্যমে নাছিমা বেগমকে একটি লিগ্যাল নোটিশ পাঠানো হয়। এর কিছুদিনের মধ্যেই আদালতে ঠুকে দেওয়া হয় মিথ্যা মামলা। সেই মামলায় পুলিশ নাছিমা বেগম ও তাঁর পরিবারের সদস্যদের গ্রেপ্তার করে আদালতে পাঠালে বিচারক তাঁদের কারাগারে প্রেরণের নির্দেশ দেন। কিছুদিন কারাবাসের পর জামিনে মুক্ত হয়ে ভুক্তভোগী পরিবারটি আসল ঘটনা জানতে পারে। নামজারির কথা বলে নেওয়া সেই স্ট্যাম্পকে ঘুঁটি বানিয়েই যে তাদের কারাগারে পাঠানো হয়েছিল, তা ভেবে শিউরে উঠছেন নাছিমা। অশ্রুসজল চোখে নাছিমা বেগম বলেন, আমরা শুধু নামজারির কাজের কথা বিশ্বাস করেই স্ট্যাম্পে সই দিয়েছিলাম। আমরা এক টাকাও নিইনি, জমি বিক্রির কোনো চুক্তিও করিনি। উল্টো আমাদের মিথ্যা মামলায় ফাঁসিয়ে জেল খাটানো হলো। আমরা এই জালিয়াতির সুষ্ঠু বিচার এবং মূল কারিগর রাকিবের দৃষ্টান্তমূলক শাস্তি চাই। ঘটনার সত্যতা জানতে অভিযুক্ত রাকিবের সাথে যোগাযোগ করা হলে তিনি এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হননি। তবে একাধিক স্থানীয় বাসিন্দারা জানান, সিরাজ মুন্সীর পরিবারটি নামাজি এবং নিরিহ পরিবার তারা কোনদিন কারো ক্ষতি করেনি। এরকম একটা সাধারণ মানুষের সরলতার সুযোগ নিয়ে এভাবে স্ট্যাম্পে সই বাগিয়ে নেওয়া এবং একটি পরিবারকে মিথ্যা মামলায় জেল খাটানো চরম অন্যায়। ঘটনাটির নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তের মাধ্যমে প্রকৃত দোষীদের আইনের আওতায় এনে কঠোর শাস্তির দাবি জানিয়েছেন ভুক্তভোগী পরিবার ও এলাকার সচেতন মহল।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ১০ আগস্ট ২০২৬ ॥ ২৬ শ্রাবণ ১৪৩৩

আট দিনে এলো ৯১৫ মিলিয়ন ডলারের রেমিট্যান্স

কীর্তনখোলা ডেস্ক

চলতি ২০২৬-২৭ অর্থবছরের শুরু থেকেই প্রবাসী আয়ে ইতিবাচক ধারা দেখা যাচ্ছে। এরই ধারাবাহিকতায় আগস্টের প্রথম আটদিনে দেশে ৯১৫ মিলিয়ন মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। গত অর্থবছরের একই সময়ের তুলনায় ৩ এর পাতায় দেখুন

যুদ্ধে নিহতদের রক্ত উপেক্ষিত হতে দেওয়া হবে নাঃ আরাগচি

কীর্তনখোলা ডেস্ক

সব ধরনের চাপ সত্ত্বেও ইরান প্রতিরোধের প্রতি অঙ্গীকার থেকে সরে আসবে না এবং যুদ্ধে অন্যায়ভাবে নিহতদের রক্ত উপেক্ষিত হতে দেওয়া হবে না বলে মন্তব্য করেছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচি। রোববার (০৯ আগস্ট) ৩ এর পাতায় দেখুন

বরফের তীব্র সংকট, ইলিশ আহরণে সাগরে যেতে পারছে না জেলেরা

কলাপাড়া প্রতিনিধি

পটুয়াখালীর কলাপাড়ায় আলীপুর-মহিপুর মৎস্যবন্দরে এখন ইলিশ আহরণে ব্যস্ত থাকার কথা জেলেদের। কিন্তু টানা লোডশেডিংয়ের কারণে দেখা দিয়েছে তীব্র বরফ সংকট। মাছ ধরার সরঞ্জাম ও বাজার নিয়ে প্রস্তুত থাকলেও বরফ না পাওয়ায় সাগরে যেতে পারছেন না জেলেরা। বাড়তি দাম দিয়েও মিলছে না প্রয়োজনীয় বরফ। ১৫০ টাকার এক ক্যান বরফ বিক্রি হচ্ছে ৩০০ টাকায়। বরফের অপেক্ষায় ঘাটে নোঙর করে আছে শত শত মাছধরা ট্রলার। রোববার (৯ আগস্ট) আলীপুর ও মহিপুর মৎস্যবন্দর এলাকার বিভিন্ন বরফকল ঘুরে দেখা যায়, বিদ্যুৎ সংকটের কারণে অধিকাংশ বরফকলের উৎপাদন কার্যক্রম ব্যাহত হচ্ছে। অনেক ট্রলার চার-পাঁচদিন ধরে বরফের ৩ এর পাতায় দেখুন

মঠবাড়িয়ায় ২০৭ প্রাথমিক বিদ্যালয়ে নেই উপযুক্ত খেলার মাঠ

মঠবাড়িয়া প্রতিনিধি

পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলায় ২০৭টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অধিকাংশেই নেই উপযুক্ত খেলার মাঠ। কোথাও মাঠ নেই, আবার কোথাও বিদ্যালয়ের সামান্য খোলা জায়গা থাকলেও তা খেলাধুলার উপযোগী নয়। ফলে উপজেলার ২১ হাজার ৭'শ কোমলমতি শিক্ষার্থী নিয়মিত খেলাধুলা, চিত্তবিনোদন, বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও বিভিন্ন সাংস্কৃতিক আয়োজন থেকে বঞ্চিত হচ্ছে। শিক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকদের অভিযোগ, বিদ্যালয়ে খেলার মাঠ না থাকায় টিফিন ও বিরতির সময় শ্রেণিকক্ষেই বসে থাকতে হচ্ছে শিশুদের। এতে তাদের স্বাভাবিক শারীরিক ৩ এর পাতায় দেখুন

ভরা মৌসুমেও নদীতে ইলিশের আকাল জীবিকার সংকটে ভোলার ২ লাখ জেলে

ভোলা প্রতিনিধি

আষাঢ় ও শ্রাবণ মাসকে ধরা হয় ইলিশের ভরা মৌসুম। তাই বহু আশা নিয়ে ভোলার মেঘনা-তেঁতুলিয়া নদীতে ইলিশ ধরতে গিয়েছিলেন জেলেরা। কিন্তু কাঙ্খিত ইলিশ না পেয়ে চরম হতাশা নিয়ে তীরে ফিরছেন তারা। এভাবে যতোই দিন যাচ্ছে ততোই বাড়ছে জেলার ২ লক্ষাধিক জেলের ঋণের বোঝা। অন্যদিকে সরবরাহ কম থাকায় অনেকটা অলস সময় পাড় করছেন নদী-তীরবর্তী মাছঘাটগুলোর আড়তদাররা। এতে নদীর ডুবোচরে ইলিশের গতিপথ বাধাগ্রস্তসহ নানা কারণকেই দুষছেন সংশ্লিষ্টরা। ভোলা মৎস্য বিভাগের তথ্যমতে, জেলায় নিবন্ধিত জেলের সংখ্যা ১ লাখ ৭০ হাজার ২৮৩ জন। এর মধ্যে ভোলা সদর উপজেলায় জেলে রয়েছেন ২২ হাজার ৪১২ জন, দৌলতখানে ২৪ হাজার ৩ জন, বোরহানউদ্দিনে ১৯ হাজার ৮৩৮ ৩ এর পাতায় দেখুন

ইট তুলে নিয়ে কাদামাটি দিয়ে রাস্তা সংস্কার

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশনে হেরিং বোন বন্ড (ইটের সলিং) সড়কের ইট তুলে কাদা-মাটি দিয়ে রাস্তা সংস্কারের অভিযোগ উঠেছে এওয়াজপুর ইউনিয়ন পরিষদের ইউপি সচিব জামাল উদ্দিনের বিরুদ্ধে। সড়কের ইট তুলে নেওয়ায় বর্তমানে চরম দুর্ভোগে পড়েছেন স্থানীয়রা। স্থানীয় বাসিন্দা ও ইউপি কার্যালয় সূত্রে জানা গেছে, ২০২০-২১ অর্থবছরে চরফ্যাশন উপজেলার এওয়াজপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডের মাদ্রাসা চৌমাথা থেকে দক্ষিণে ব্রিজ পর্যন্ত সড়কটি হেরিং বোন বন্ড নির্মাণের জন্য এলজিএসপি-৩ প্রকল্পের আওতায় ৮ লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়। পরে মেসার্স সূচনা এন্টারপ্রাইজ নামে একটি ঠিকাদারি প্রতিষ্ঠান সড়কটির নির্মাণকাজ ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে কমিউনিটি পুলিশিং সভা অনুষ্ঠিত

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে "শৃঙ্খলা, নিরাপত্তা,প্রগতি"এই মূলমন্ত্রকে সামনে রেখে কাউখালী থানার আয়োজনে কমিউনিটি পুলিশিং সভা অনুষ্ঠিত হয়েছে। কাউখালী থানা সভাকক্ষে ৯ই আগস্ট (রোববার) সকাল ১০ঃ৩০ ঘটিকার সময় উপজেলায় মাদক, চাঁদাবাজি, সন্ত্রাস, বাল্যবিবাহ, ইভটিজিং, সাইবার অপরাধ ও কিশোর গ্যাং প্রতিরোধে এ সভা অনুষ্ঠিত হয়। কাউখালি থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, পিরোজপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) নাসরিন জাহান। তিনি ৩ এর পাতায় দেখুন

বিচার দাবীতে বিক্ষোভ

আমতলীতে বেওয়ারিশ হিসেবে উদ্ধার হওয়া লাশটি স্কুল শিক্ষার্থী ইমনের

আমতলী প্রতিনিধি

আমতলীর পায়রা নদী থেকে বেওয়ারিশ হিসেবে উদ্ধার হওয়া লাশের পরিচয় শনাক্ত হয়েছে। লাশটি আমতলী সরকারী আরমান খোরশেদ মডেল পাইলট হাইস্কুলের নবম শ্রেণির শিক্ষার্থী জাভেদ ইমনের (১৫)। সে উপজেলার আরপাঙ্গাশিয়া ইউনিয়নের পূর্ব চরকগাছিয়া গ্রামের আব্দুল আউয়াল প্যাদার ছেলে। গত ২৬ জুলাই বিকেল ৫টায় নিখোঁজ হয় জাভেদ ইমন। গত ২৯ জুলাই আমতলী পায়রা নদীর মধ্য আরপাঙ্গাশিয়া খাল থেকে অর্ধগলিত বেওয়ারিশ হিসেবে লাশ উদ্ধার করে পুলিশ। হত্যাকারীদের ফাঁসির দাবীতে ৩ এর পাতায় দেখুন

যৌতুকের মামলায় ৪৩তম বিসিএস ক্যাডার গ্রেফতার

বেতাগী প্রতিনিধি

যৌতুকের মামলায় ৪৩তম বিসিএস ক্যাডার ও বরগুনার বেতাগী সরকারি কলেজের প্রাণীবিজ্ঞান বিভাগের প্রভাষক মো. মাকসুদুল হাসান (৩৪)কে গ্রেফতার করেছে পুলিশ। শনিবার (৮ আগস্ট) দিবাগত রাত ১টার দিকে চট্টগ্রাম নগরীর শুলকবহর এলাকার কালা মুন্সি লেইনে নিজ বাসা থেকে তাকে গ্রেফতার করা হয়। পাঁচলাইশ থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে। মামলার এজাহার ও আদালতে দাখিল করা নথি সূত্রে জানা গেছে, এক তরুণীর সঙ্গে মাকসুদুল হাসানের বিয়ে হয়। বিয়ের পর ওই তরুণীর কাছে যৌতুক দাবি এবং তা দিতে না পারায় তাকে বিভিন্নভাবে চাপ ও হয়রানি করার অভিযোগ ওঠে। মামলার নথিতে বাদীর কাছে ১০ লাখ ৩ এর পাতায় দেখুন

গাছের ভাঙা ডালে বেল্ট দিয়ে বাঁধা ছিল যুবকের মরদেহ

নলছিটি প্রতিনিধি

ঝালকাঠির নলছিটিতে বুলবুল হাওলাদার (৩০) নামে এক যুবকের মরদেহ উদ্ধার করেছে পুলিশ। রোববার (৯ আগস্ট) সকালে উপজেলার কুশঙ্গল গ্রামের নিজ বাড়ির সামনের সড়ক থেকে মরদেহটি উদ্ধার করা হয়। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা- সে বিষয়ে এখনো নিশ্চিত হতে পারেনি আইনশৃঙ্খলা বাহিনী। নিহত বুলবুল হাওলাদার কুশঙ্গল গ্রামের তৈয়ব আলীর ছেলে। স্থানীয় সূত্র জানায়, সকালে বাড়ির সামনে একটি গাছের ভাঙা ডালের সঙ্গে কোমরের বেল্ট বাঁধা অবস্থায় বুলবুলের মরদেহ পড়ে থাকতে ৩ এর পাতায় দেখুন

লিজ নেওয়া ঘেরে গাঁজা চাষ, পুলিশের অভিযানে ধরা

মেহেন্দিগঞ্জ প্রতিনিধি

বরিশালের মেহেন্দিগঞ্জে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে গাঁজা গাছসহ মাদক ব্যবসায়ী রাজিব বেপারী (৩২) কে আটক করেছে পুলিশ। আটক রাজিব মেহেন্দিগঞ্জ পৌরসভার ১নং ওয়ার্ড চরহোগলা গ্রামের মৃত আবুল কাশেম বেপারীর ছেলে। রোববার (৯ আগস্ট) বিকাল ৫ টার সময় নিজের লিজ নেওয়া একটি ঘের থেকে তাঁকে আটক করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন মেহেন্দিগঞ্জ থানার ওসি মমিন উদ্দিন। পুলিশের ভাষ্য, চরহোগলা গ্রামে রাজিবের একটি ঘের রয়েছে। সেখানে তিনি বিভিন্ন গাছের আড়ালে উঁচু টবে একটি গাঁজা গাছ লাগায়। বিষয়টি জানার পর অভিযান চালায় পুলিশ। এ সময় তার দেখানো জায়গা থেকে সাড়ে ৭ ফিট উঁচু একটি গাঁজা গাছ উদ্ধার করা হয়েছে। এছাড়াও তার কাছ থেকে ১০ গ্রাম গাঁজা ও গাঁজা বিক্রির নগদ ৫০০০ টাকা উদ্ধার করা হয়েছে। মেহেন্দিগঞ্জ থানার ওসি মমিন উদ্দিন জানান, আটক ব্যক্তি পেশাদার মাদক ব্যবসায়ী। তাঁর বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের প্রক্রিয়াধীন। মামলা দায়ের শেষে তাকে ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে দূর্ভোগ লাঘবে যুবদল নেতার রাস্তা মেরামত

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে নিজ অর্থায়নে প্রায় দেড় কিলোমিটার রাস্তা মেরামত করে দিয়েছেন ঝালকাঠি জেলা যুবদলের যুগ্ম আহবায়ক মোঃজহিরুল হক সোহেল। উপজেলার মঠবাড়ি ইউনিয়নের নাপিতবাড়ি থেকে পাড়েরহাট সংযোগ সড়কে এই মেরামতের কাজ করা হবে। স্থানীয় বাসিন্দা আব্দুর রাজ্জাক বলেন, এই রাস্তাটি অনেকদিন ধরেই চলসচলের অনুপযোগী হয়ে রয়েছে। কোনো গাড়ি চলাচল করতে পারেনা। বর্ষার দিনে কাদা ২ এর পাতায় দেখুন

চুরি করতে গিয়ে সাবেক কৃষক দল নেতা আটক

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে চুরির অভিযোগে সুমন সরকার (৪০) নামে স্বরূপকাঠি পৌর কৃষক দলের বহিষ্কৃত এক নেতাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করেছেন স্থানীয়রা। শনিবার (৮ আগস্ট) রাত

৯ টার দিকে স্বরূপকাঠি পৌরসভার ৩ নম্বর ওয়ার্ড এলাকায় এ ঘটনা ঘটে। স্থানীয়দের দাবি, একটি বাড়ির তালা ভেঙে চুরি করার সময় সুমন সরকারকে হাতেনাতে আটক করা হয়। পরে হাত-পা বেঁধে একটি অটোরিকশায় করে তাঁকে থানায় নিয়ে পুলিশের কাছে সোপর্দ করা হয়। স্থানীয় সূত্রে জানা গেছে, সুমন সরকারের বিরুদ্ধে এর আগেও একাধিক চুরির ঘটনায় জড়িত থাকার অভিযোগ রয়েছে। তাঁর বিরুদ্ধে ৩ এর পাতায় দেখুন

তেলিখালী বেড়িবাঁধ থেকে বৃদ্ধের মরদেহ উদ্ধার

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল রবিবার (৯ আগস্ট) সকাল আনুমানিক ৬টার দিকে উপজেলার ৩ নম্বর তেলিখালী ইউনিয়নের ০৯ নম্বর ওয়ার্ডের হরিণপালা এলাকার বেরিবাঁধের দক্ষিণ পাশের ঢাল থেকে মো. ইসমাইল শরীফ (৬৫) নামে এক বৃদ্ধের রক্তাক্ত মরদেহ উদ্ধার করেছে তেলিখালী পুলিশ তদন্ত ৩ এর পাতায় দেখুন

নামজারির আশ্বাসে ফাঁকা স্ট্যাম্পে সই

জালিয়াতির বলি হয়ে কারাগারে অসহায় পুরিবার

নুরে রাব্বি নাঈম, মেহেন্দিগঞ্জ

জমি নামজারি (মিউটেশন) করিয়ে দেওয়ার আশ্বাস দিয়ে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষর নেন চতুর প্রতিবেশী। এরপর সেই সই জালিয়াতি করে বানিয়ে ফেলা হয় ভুয়া বায়না দলিল। শুধু তা-ই নয়, মিথ্যা মামলা ঠুকে উল্টো নিঃস্ব পরিবারটিকে খাটানো হলো জেল। মেহেন্দিগঞ্জ পৌরসভার খরকী এলাকায় ঘটে যাওয়া এই চাঞ্চল্যকর প্রতারণার শিকার হয়ে এখন চরম নিরাপত্তাহীনতা ও বিচারহীনতায় দিন কাটাচ্ছেন নাছিমা বেগম ও তাঁর ৩ এর পাতায় দেখুন

লালমোহনে হত্যা মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত পলাতক আসামি গ্রেফতার

লালমোহন প্রতিনিধি

ভোলার লালমোহনে হত্যা মামলায় যাবজ্জীবন সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত ও দীর্ঘদিন পলাতক এক আসামিকে গ্রেফতার করেছে র‍্যাব-৮ এর ভোলা ক্যাম্প। রোববার (৯ আগস্ট) গোপন সংবাদের ভিত্তিতে লালমোহন থানা এলাকায় অভিযান চালিয়ে মো. ইসমাইল হোসেন (৫৫) নামের ওই আসামিকে গ্রেফতার করা হয়। তিনি লালমোহন উপজেলার বাসিন্দা। র‍্যাব-৮ এর ভোলা ক্যাম্পের পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, ইসমাইল হোসেনের বিরুদ্ধে জিআর মামলা নম্বর ৮৫৫/৯৯ (পটুয়াখালী) ও সেশন মামলা নম্বর ৪৬/০১ রয়েছে। এসব মামলায় ২০০৬ সালের ৫ এপ্রিল পটুয়াখালীর বিশেষ দায়রা জজ তাকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দেন। রায় ঘোষণার পর থেকেই তিনি ২ এর পাতায় দেখুন

বালু মহলের ইজারা বাতিলের দাবিতে স্থানীয় বাসিন্দাদের মানববন্ধন

ভোলা প্রতিনিধি

ভোলা সদর উপজেলাকে নদী ভাঙনের কবল থেকে রক্ষায় মেঘনা নদীর বালু মহলের ইজারা বাতিলের দাবিতে স্থানীয় বাসিন্দাদের মানববন্ধন। রোববার (৯ আগস্ট) বিকেল সাড়ে ৫টার দিকে সদর উপজেলার পূর্ব ইলিশা ইউনিয়নের জংশন বাজারে জামায়াতে ইসলামীর ব্যানারে ঘন্টাব্যাপী এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। মানববন্ধনে বক্তারা বলেন,একটি মহলের স্বার্থে ভোলার মেঘনা নদীকে বালু মহল ঘোষণা করে ইজারা দিয়েছেন জেলা প্রশাসন। এ সুযোগে সম্পুর্ণ অপরিকল্পিতভাবে এবং রাতের আঁধারে বালু মহলের বাইরে গিয়ে ইজারাদাররা অবৈধভাবে বালু উত্তোলনের ফলে ভোলা সদর উপজেলার কাচিয়া ইউনিয়নের ৩ টি ওয়ার্ড বিলিন হয়ে যাওয়ার পথে। এছাড়া রাজাপুর,ইলিশা,কাচিয়া ও শিবপুর ইউনিয়ন তীব্র নদী ভাঙনের কবলে পড়েছে। বাসিন্দারা হারিয়েছেন ভিটেমাটি ও ফসলি জমি। নদী থেকে বালু লুটের কারণে ধস দেখা দিয়েছে শহর রক্ষা বাধের সিসি ব্লকেও। তাই ভোলা সদর উপজেলাকে রক্ষায় অতিদ্রুত সরকারের কাছে মেঘনা ২ এর পাতায় দেখুন

রাস্তা সংস্কারের দাবিতে উজিরপুরে সড়ক অবরোধ

উজিরপুর প্রতিনিধি

ঢাকা-বরিশাল মহাসড়ক সংলগ্ন বরিশাল উজিরপুর উপজেলার সানুহার-সাতলা সড়কের বেহাল দশা ও দীর্ঘদিন সংস্কার না হওয়ায় ক্ষোভ প্রকাশ করে সড়ক অবরোধ ও বিক্ষোভ মিছিল করেছেন শিক্ষার্থী ও এলাকাবাসী। রবিবার (৯ আগস্ট) বিকেলে উপজেলার বামরাইল ইউনিয়নের ঐতিহ্যবাহী ঈদগাহ বাজার সংলগ্ন সড়কে এ প্রতিবাদ কর্মসূচির আয়োজন করা হয়। প্রায় ঘণ্টাব্যাপী চলে এই সড়ক অবরোধ। এ সময় সানুহার-সাতলা সড়কে সব ধরনের যানবাহন চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। প্রতিবাদ কর্মসূচিতে স্থানীয় বাসিন্দা, ব্যবসায়ী ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশ নেন। স্থানীয়দের অভিযোগ, সড়কটির সানুহার থেকে ধামুরা অংশ এখন বড় বড় গর্ত আর কাদায় পরিণত হয়েছে। একটু বৃষ্টি হলেই পথচলা অসাধ্য হয়ে পড়ে। বর্ষা মৌসুমে এই দুর্ভোগ ২ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগঃ ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বারঃ
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়ঃ
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্যঃ
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বারঃ
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়ঃ
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্যঃ
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসাঃ বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম
কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে

ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইলঃ ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদকঃ মোঃ ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদকঃ মিতা মোস্তফা, সহযোগী সম্পাদকঃ আল হাফিজ, নির্বাহী সম্পাদকঃ এম জামান, প্রকাশকঃ কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com